

কমপিউটিং

প্রতিষ্ঠাতা: অধ্যাপক আবদুল কাদের

THE MONTHLY JAGAT
Leading the IT movement in Bangladesh

জগৎ

সেপ্টেম্বর ২০০৫ ১৫তম বর্ষ ১৫তম খণ্ড

দাম মাত্র ১০০

SEPTEMBER 2005 15TH YEAR VOL. 05

একমুখী শিক্ষাক্রম এবং
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

ইনফরমেশন সোসাইটি শীর্ষ
সম্মেলন ও বাংলাদেশ

উন্নত জীবনের হাতছানি ভার্চুয়ালাইজেশন, মাস কোলাবরেশন মোবাইল কমপিউটিং... পৃষ্ঠা-২০



মাসিক কমপিউটিং জগৎ-এর
২০০৫ সালের ১৫তম খণ্ড (সেপ্টেম্বর)

কেন্দ্র/অঞ্চল	১৫ সংখ্যা	২৪ সংখ্যা
ঢাকা	৪১০	৪১০
স্বাধীনতা সড়ক, ঢাকা	৪১০	৪১০
ইউনিভার্সিটি স্ট্রীট, ঢাকা	২০০	২০০
আমেরিকা/কানাডা	২০০	২০০
ইউরোপ	২০০	২০০

প্রতিবেদন, বিশ্লেষণ, টিকা এবং বাস্তব জীবনের
সমস্যা সমাধানের জন্য। প্রতি সংখ্যা ১২
বিভিন্ন ভাষায় লিখিত। প্রতি সংখ্যা ১২
কপি। ২০০৫ সালের ১৫তম খণ্ডে
০৫ ডিসেম্বর পর্যন্ত

ফোন : ১৭৬৩০৪৪০, ১৭৬৩১৭৬, ১৭৬৩০২২
১৭৬৩০২৩, ১৭৬৩০২৪

ফ্যাক্স : ১৭৬৩০৪৪০
E-mail : jagat@comjagat.com
Web : www.comjagat.com

সূচী - পৃষ্ঠা ১০
বিজ্ঞাপন সূচী - পৃষ্ঠা ১৩
স্বপ্ন - পৃষ্ঠা ২০



সেপ্টেম্বর ২০০৫ পঞ্চদশ বর্ষ ৫ম সংখ্যা

বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত তথ্য প্রযুক্তি ম্যাগাজিন

সুচীপত্র

১৫ সম্পাদকীয়

১৬ তত্ত্ব মত

২৩ ডার্মুয়াইজেশন, মাস কোলাবরেশন, মোবাইল কমপিউটিং

উন্নত জীবন ব্যবস্থার হাতদাশী দেয় এমন কয়েকটি আধুনিক আইসিটি প্রযুক্তি-পণ্য-সেবারেণের ব্যবহার; মোবাইল কমপিউটিং; মোবাইল কমপিউটিংয়ে নিরাপত্তা; ইন্টারনেটের ক্রমবিকাশ; নতুন অফিসের চেহারা; হার্ডওয়্যার ও সফটওয়্যারের ডার্মুয়াইজেশন; ডার্মুয়াইজেশনে ইন্টেল, এএমটি ও মাইক্রোসফটের অবদান; কমপিউটিং যেভাবে কাজের ধরন পাঠে নিবে; টেলিযোগাযোগের অধিভাষা সাফা ইত্যাদি নিয়ে এবারের প্রচ্ছদ প্রতিবেদন লিখেছেন প্রকৌশলী তাজুল ইসলাম।

২৮ একমুখী শিক্ষাক্রম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ২০০৫ সালে দেশে স্থল পর্যায়ে যে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু হচ্ছে তা নিয়ে লিখেছেন মোস্তাফা মাহাব।

৩০ ইন্ফরমেশন সোসাইটি শীর্ষ সংঘর্ষে ও বাংলাদেশ জাতিসংঘের তথ্য সমাজ শীর্ষক সংঘর্ষে বাংলাদেশের অংশ গ্রহণ, এর লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে বিস্তারিত লিখেছেন রেজা সেলিম।

৩৫ বিসিএস কমপিউটার শো ২০০৫

৩৬ বাংলাদেশে টেলিমেডিসিন সেবা চালু

৩৬ নর্থ সাউথ ইউনিভার্সিটি কমপিউটার ক্লাবের ৬ষ্ঠ সফটফেয়ার এনএসইউ কমপিউটার ক্লাবের উদ্যোগে অয়োজিত সফটওয়্যার মেলা সম্পর্কিত রিপোর্ট করেছেন এম.এম. গোলাম রাশিদ।

৩৭ এইচপি-ফ্লোরা প্রদর্শনী অনুষ্ঠিত

এইচপি ও ফ্লোরা লি.-এর যৌথ উদ্যোগে অয়োজিত এইচপি পণ্যের প্রদর্শনী সম্পর্কে লিখেছেন সৈয়দ জহুরুল ইসলাম।

৩৮ ওয়ার্ড হাইবার গেম বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ

৩৮ এইচপি'র পররাষ্ট্র বিজয়ী বিজনেস পার্টনার

৪০ ফ্লোরাআপ

আপট ২০০৫ সংখ্যার প্রচ্ছদ প্রতিবেদনের ওপর ফ্লোরাআপ।

৪১ সেলফোন টিভি দেখার প্রযুক্তি

সেলফোনে টেলিভিশন প্রদর্শনীর প্রযুক্তি নিয়ে লিখেছেন আশীরা হাসান।

৪২ ডার্মুয়াইজেশন এবং অল-ইন-ওয়ান সিস্টেম ডার্মুয়াইজেশন কী, কেন দরকার, যেভাবে কাজ করে এবং ব্যবহারবিধি সম্পর্কে লিখেছেন মহীন উদ্দীন মাহমুদ।

৪৪ English Section

* The Hidden History of Dual-Core Processors

৪৬ NEWSWATCH

- * Intel Unveils New Platform Brand for Digital Entertainment
- * D230: Red hot value and performance like no other
- * NX7010: Your mobile office

- * Telecoms face internet challenge
- * India, Japan ink pacts to boost IT cooperation

৫৫ মজার গণিত ও আইসিটি শব্দ ফাঁদ

পণিতের কিছু সমস্যা, সমাধান এবং আইসিটি শব্দ ফাঁদ তুলে ধরেছেন হিম।

৫৬ সফটওয়্যারের কারুকাজ

এবারের সফটওয়্যারের কারুকাজ বিভাগে লিখেছেন আফতাব উদ্দিন, জাকীর হোসেন এবং রোকসানা আহিন সুখী।

৫৭ কমপিউটার নিয়ন্ত্রিত পানির মটর

কমপিউটার নিয়ন্ত্রিত পানির মটরে ব্যবহৃত সেন্সর তৈরি এবং সংযোগ পদ্ধতি নিয়ে লিখেছেন মো: হেদাওয়ানুর রহমান।

৫৮ ওয়ারেন্স নেটওয়ার্কিং-এ মিমো প্রযুক্তি

মাল্টিপল ইনপুট, মাল্টিপল আউটপুট ওয়ারেন্স নেটওয়ার্ক ডিভাইস নিয়ে লিখেছেন কে.এম. আদী রেজা।

৬০ অফ-লাইন ব্রাউজার: সাশ্রয়ী সেবা

অফ-লাইন ব্রাউজার কি, এর ধরন, সুবিধা ও অনুবিধা সম্পর্কে লিখেছেন ইসলাম রহমান।

৬১ এমপিথ্রী ডাটাবেজ তৈরির কৌশল

লিখিত সফটওয়্যার ডাটাবেজ করে কীভাবে এমপিথ্রী ডাটাবেজ তৈরি করা যায় সে সম্পর্কে লিখেছেন এ.এস.এম. মুশকিকুল হক।

৬৩ গ্রীতি ম্যাগ্নেট আর্কিটেকচারাল মডেল

গ্রীতি ম্যাগ্নেট সহায়তায় কেন ছেডের সাহায্যে ত্রুটি, ভবনের ছাঁচ ও স্ট্রোল তৈরি সম্পর্কে লিখেছেন মো: মোস্তাফা আজাদ।

৬৫ মাদারবোর্ড আর্কিটেকচার ডিভাইস

মাদারবোর্ডের বিভিন্ন অংশ ও গঠন বর্ণনায় সম্পর্কে লিখেছেন জানিয়া ফেরদৌস।

৬৬ ওয়েবপেজ পিএইচপি ব্যবহার করে

বিভিন্ন বাটন তৈরি

পিএইচপিতে বিভিন্ন বাটন ও কন্ট্রোল ফিউ

তৈরি সম্পর্কে লিখেছেন এ.এম.এম আদুর রব।

৬৭ ইউজোজ এন্ট্রিপিতে সোনার মাইল মানেজমেন্ট

সিস্টেমের পারফরমেন্স অপটিমাইজ করা, ড্রাইভ ডিফ্রাগমেন্ট এবং ডার্মুয়াইজ মেমরি সেটিং সম্পর্কে লিখেছেন সুফুজোজা রহমান।

৬৯ ওয়ারেন্স নেটওয়ার্কিং বহু আসছে

ডেভিট বা ডেভিট কার্ড এর বিকল্প প্রায়ুক্তিক সুবিধা ওয়ারেন্স নেটওয়ার্কিং নিয়ে লিখেছেন সুমন ইসলাম।

৬৯ কমপিউটার জগৎ-এর খবর

৬৯ গেম-এর জগৎ

৬৯ মোবাইল ফোনের কমন জিএসএম কোড মোবাইল ফোনের এমন কিছু কোড আছে যা জানা থাকলে সহজে একে অপারেট করা যায়। তা নিয়ে লিখেছেন মো: শাকিবুল্লাহ হিম।

৬৬ মোবাইল ফোন এপ্লিকেশন প্রোগ্রামিং ইন্টারফেস তৈরি ওয়ারেন্স নেটওয়ার্কিং কীভাবে ডিভেলপ তৈরি করা যায় সে সম্পর্কে লিখেছেন ইরফানা সিকদার।

Advertisers' INDEX

Agni Systems Ltd.	20
Aloha Ishoppe	51
BBIT	48
Bijoy Online Ltd.	14
Binary Logic	97
Brac BD Mall Network Ltd.	72
Ciscovalley	37
Com Valley Ltd. (MSI)	34
Computer Source Ltd. (Kingstone)	9
Computer Source Ltd. (Lexmark)	17
ComValley	94
Dg Solution*	52
Excel Technologies Ltd.	10
Excel Technologies Ltd.	11
Flora Limited (hp)	3
Flora Limited (Intel)	5
Flora Limited (Nikon Camera)	4
Genuity Systems	53
Global Brand (Pvt.) Ltd.	19
Grand Valley Computer	95
HP	Back Cover
Intel	98
International Computer Network	16
International Office Equipment	68
J.A.N. Associates Ltd.	50
Mosita Computer Engineers Ltd.	49
Multilink Int Co. Ltd.	6
Multilink Int Co. Ltd.	7
Orient Computers	18
Oriental Services	8
PC Dot Tech	38
Proshika Computer System	22
Proshika met	3rd Cover
Rahim Atrooz Distribution Ltd.	12
Reshit Computer	93
Retail Technologies	54
Sharanee Ltd.	
SMART Technologies (BD) Ltd. Gigsbite	91
SMART Technologies (BD) Ltd. HDD	92
SMART Technologies (BD) Ltd. Monitor	89
SMART Technologies (BD) Ltd. Note PCs	90
Spectra Solutions Ltd.	47
Techno BD	67
Techview Ltd.	33
Vocallogic	45
XEROX	2nd Cover

একমুখী শিক্ষা ও তথ্য প্রযুক্তি

এক সরকারি সিদ্ধান্ত সূত্রে তিন দশকেরও বেশি সময় পর বাংলাদেশে চালু হতে যাচ্ছে একমুখী শিক্ষা ব্যবস্থা। ২০০৫ সালের শিক্ষাবর্ষ থেকেই ফুল পর্যায়ে এটি চালু হচ্ছে। এর অর্থ দাঁড়াচ্ছে, ২০০৮ সালে অনুষ্ঠায় অসংখ্য পরীক্ষার্থীর আসছে নতুন এ শিক্ষা ব্যবস্থার আওতাধার পরীক্ষা দেবে। জানা গেছে, এর আগে ১৯৬৩ সালে পাকিস্তান আমলে এদেশে চালু একমুখী শিক্ষা ব্যবস্থা বাতিল করে চালু হয়েছিল বহুমুখী শিক্ষা ব্যবস্থা। যুগের চাহিদা মেটানোর লক্ষ্যেই জানা হয়েছিল এ পরিবর্তন। এবারো সেই যুগের চাহিদা মেটানোর কথা বলেই আবার চালু করা হচ্ছে একমুখী শিক্ষা ব্যবস্থা। কিন্তু, এই একমুখী শিক্ষা ব্যবস্থা কী আমাদের শিক্ষার মান আরো সামনের দিকে নিয়ে যাবে, না আরো পেছনের দিকে টেনে দেবে, সে প্রশ্ন ওঠেছে নানা মহলে থেকে। আমাদের মনে হয়, এধরনের প্রশ্ন জেগোলো পেয়েই একটা যৌক্তিকতা আছে বৈ কি।

আজকের দিনের শিক্ষা বিষয় বৈচিত্রে ভরপুর। প্রতিদিনই মানুষের জ্ঞানের অভাব সন্দেহ হওয়ার সাথে সাথে বাড়ছে বিষয়ের সংখ্যা ও পরিধি। মানুষ এখন কনবাসে করছে তথ্যের সমুদ্রে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি জ্ঞানের সে নতুন পরিপ্রেক্ষিতটা সৃষ্টি করেছে। ফলে বিভিন্ন বিষয়ের শাখা-প্রশাখা শুধু বিকৃতই হচ্ছে, সব শিক্ষার্থী সব বিষয়ে অগ্রসর হবে, সেটাও আশা করা যায় না। সে বিষয়টা মাথায় রেখেই হতো আমাদের দেশেও একমুখী শিক্ষা ব্যবস্থা বাতিল করে চালু হয়েছিল বহুমুখী শিক্ষা ব্যবস্থা। এর ফলে কোনো শিক্ষার্থীর পছন্দের যে দিকটার প্রতি অগ্রসর হতে পারতেন শুরু থেকেই সে বিষয়টি নিয়ে, সেখান সুযোগ পেতো এবং তার পছন্দের বিষয়টি গভীরে পৌঁছাতে সক্ষম হতো তার পক্ষে। কিন্তু এই বহুমুখী শিক্ষা ব্যবস্থার বদলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু হলে, সে পথটি বন্ধ হয়ে যাবে।

জানা গেছে, নতুন করে সরকার যে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করতে যাচ্ছেন, তাতে কমপিউটার শিক্ষাকে নতুনভাবে দেখা হয়েছে। এর ফলে কমপিউটার শিক্ষার ক্ষেত্রে বেশ কিছু পরিবর্তন আসবে। অসম শ্রেণীতে এ বিষয়টির নাম হবে আইসিটি শিক্ষা এবং প্রথম বারের মতো আইসিটি বিষয়টি নবম ও দশম শ্রেণীর জন্য নির্দৈর্ভাষিক বিষয় হিসেবে স্কুলি শিক্ষা ও গার্লস্কুলেও অন্তর্ভুক্ত করা হবে। তবে আজকাল একেবালা অসুবিধার্ক, যে কোন ক্ষেত্রে চাকরির জন্য যেমনি কমপিউটার জ্ঞানার্জন অপরিহার্য, তেমনই মানুষের ব্যক্তিগত জীবনে কমপিউটার স্বাক্ষরতা জ্ঞান থাকাও অপরিহার্য। দ্রুত ও দক্ষতার সাথে ব্যক্তি ও প্রতিষ্ঠানিক কেস সন্যাসনের জন্য কমপিউটার স্বাক্ষরতার কোন বিকল্প নেই। অতএব, ফুল পর্যায়ে আইসিটি বিষয়টিকে নির্দৈর্ভাষিক না রেখে, বাধ্যতামূলক বিষয়ে অন্তর্ভুক্ত করা প্রয়োজন ছিল। আশা করি, সংশ্লিষ্ট দায়িত্বে নিয়োজিত আমাদের নীতি-নির্ধারণকারী বিষয়টি ভেবে দেখাবেন। মোট কথা, আমরা চাই এমন একটি শিক্ষা ব্যবস্থা, যেখানে বাংলাদেশের শিক্ষার্থীদের সামনে যেমনি খোলা থাকবে আইসিটি শিক্ষার সার্বজনীন সুযোগ তেমনই এ বিষয়ে অগ্রসরীরা আইসিটিতে নির্দৈর্ভাষিক বিষয় হিসেবে নিয়ে সুযোগ পাবে এ ব্যাপারে গভীরতর জ্ঞানার্জন। আর নতুন শিক্ষা ব্যবস্থায় উত্তরণের পথেই আইসিটি শিক্ষার জন্য প্রয়োজন হবে তথ্যবিধ বই বেছে নেয়ার প্রস্তুতিও। এক্ষেত্রে সংশ্লিষ্টদের দুরদৃষ্টি নিয়ে কাজ করতে হবে। এক্ষেত্রে পক্ষপাতদৃষ্টি কোন ভূমিকা শিক্ষার ক্ষেত্রে বয়ে আনবে বড় ধরনের ক্ষতি।

আর্ন্তজাতিক টেলিযোগাযোগ ইউনিয়নের প্রস্তাবে জাতিসংঘের তথ্য সমাজ শীর্ষ সম্মেলনের প্রথম পর্ব জেনেভায় অনুষ্ঠিত হয় ২০০৩ সালের ১০-১২ ডিসেম্বর। দ্বিতীয় পর্বের এ শীর্ষ সম্মেলন আগামী ১৬-১৮ নভেম্বর ২০০৫-এ অনুষ্ঠিত হতে যাচ্ছে সিউনিয়নের রাজধানী তিউনিসে। ইতোমধ্যেই প্রকৃতি কমিটির দুটি সভা অনুষ্ঠিত হয়ে গেছে। আগামী চূড়ান্ত পর্বের সম্মেলন থেকে যাতে বাংলাদেশ কিছু অর্জন করতে পারে, সে ব্যাপারে এখন থেকেই আমাদের সজাগ থাকতে হবে বৈ কি। মনে রাখতে হবে প্রথম পর্যায়ে তথ্য সমাজ শীর্ষ সম্মেলন থেকে আশানুরূপ কিছুই অর্জন করতে পারিনি, যেমনটি পরেইছে অন্যান্য দেশ।

আগামী ২২-২৭ সেপ্টেম্বরে বসুন্ধরা সিটিতে বসবে 'বাংলাদেশ কমপিউটার সমিতি' আয়োজিত বিসিএসই-এর কমপিউটার মেলা-২০০৫। বিসিএসই প্রতিবছর এ মেলায় আয়োজন করে আসছে। এ মেলা একই মাধ্যমে পরিচিত হয়েছে, 'প্রকৃতি প্রেমী বাংলাদেশের মিলন মেলা' নামে। এটি আমাদের সবচেয়ে বড় আশার কমপিউটার মেলা বলে স্বীকৃত। আমরা এ মেলার সাফল্য কামনা করছি।

উপসেতা
ড. মাদারিহা বেগম চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কামরুজ্জামান
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. মুহাম্মদ কাদের খান

সম্পাদনা উপসেতা
সম্পাদক
ভারপ্রাপ্ত সম্পাদক
সহযোগী সম্পাদক
সহকারী সম্পাদক
কারিগরি সম্পাদক
সম্পাদনা সহযোগী

একেশী-এস এম. ওয়াজেদ
এস. এ. বি. এম. মল্লিক
গোলাম হুসৈন
মইন উদ্দিন মাহমুদ
এ. এ. হক আব্দু
আবদুল ওয়াজেদ মল্লিক
আহমেদ আলফি
সায়েদ উদ্দিন মাহমুদ

বিলেপ প্রতিনিধি
ছাত্রলীগ উদ্যোগ
ড. খান মাহমুদ-এ-মুহাম্মদ
ড. এম মাহমুদ
নির্মল চন্দ্র চৌধুরী
মাহমুদ হোসেন
এম. মাদারী
আ. ফ. মো: মাহমুদুল হক
ডা. মাহমুদ হোসেন
মহিউদ্দিন চমিক পারভেজ

আমেরিকা
কলকাতা
বুটেন
আস্ট্রেলিয়া
জাপান
ভারত
সিংগাপুর
বাংলাদেশ
মহারাষ্ট্র

প্রকাশক
কম্পোজ ও অফসেট

সৌর মল্লিক
মহমুদ হুসৈন

মো: আব্দুল হুসৈন

মুদ্রণ : মাদারীহা বেগম এন্ড প্রিন্টার্স
০০-০১, লেখা বাজার, ঢাকা।

অর্থ ব্যবস্থাপক
বিজ্ঞাপন ব্যবস্থাপক
অনুবোধক ও প্রচার ব্যবস্থাপক
উৎসাহদাতা ও বিতরণ ব্যবস্থাপক
সহযোগী বিতরণ ব্যবস্থাপক
অভিগম সহযোগী

সালেম আলী হুসৈন
নির্মল আকতার
একেশী মল্লিক
মো: আবদুল মল্লিক
মো: আলমগীর হোসেন

ব্যবস্থাপক : মাদারীহা কাদের
তথ্য সমাজ ১১, বিসিএসই কমপিউটার সিটি, জেনেভা সড়ক
আগারগাঁও, ঢাকা-১২০৭।
ফোন : ০২০৩৪৪৫, ০২০৩৪৪৬, ০১৭১-৪৪৪১৭৭
ফ্যাক্স : ০২০৩-৩৬৬৭৯২০
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com

যোগাযোগের ঠিকানা :
কমপিউটার প্রথম
তথ্য সমাজ ১১, বিসিএসই কমপিউটার সিটি, জেনেভা সড়ক
আগারগাঁও, ঢাকা-১২০৭। ফোন : ০২০৩৪৪৫

Editor : S.A.R.M. Badruddoja
Editor in Charge : Golap Monir
Associate Editor : Main Uddin Hossain
Assistant Editor : M. A. Haque Anu
Technical Editor : Md. Abdul Wahed Thana
Senior Correspondent : Syed Abdul Ahmed
Correspondent : Md. Ahdal Hali

Published from :
Computer Jagat
Room No. 11
BCS Computer City, Rokaya Sarani
Agarogon, Dhaka-1207
Tel : 6125807

Published by : Nazma Kader
Tel : 8614746, 8617322, 0171-544217
Fax : 89-02-966473
E-mail : jagat@comjagat.com



বাংলাদেশে এনিমেশন হাউজ ও এনিমেটর তৈরি আসছে

কমপিউটার জগৎ-এর প্রসঙ্গ সংখ্যার এনিমেশন শিল্প বিষয়ে প্রকাশিত গ্রন্থ প্রতিক্রিয়ায় আদি পাচ্ছে। সে সূত্রেই এ খোঁজাট লিখছি। এনিমেশন একটি সৃজনশীল মাধ্যম। বাংলাদেশে ঐতিহ্যভাষ্যে সৃজনশীল শিল্পীদের দেশ। এই শিল্পীদের কেউ উদ্যোগ নিলে এখানে বিশ্বমানের এনিমেশন হাউজ গড়ে ওঠতে পারে। আমাদের দেশে এনিমেশন বাণিজ্যিক প্রথমে এসেছে কমপিউটার নির্ভর প্রযুক্তি হিসেবে এবং এখনো এ অবস্থাতেই রয়েছে। যদিও বিশ্বের অনেক দেশে কমপিউটার আসার অনেক আগে থেকেই এনিমেটেড কার্টুন ফিল্ম প্রচলিত ছিল।

আমাদের এখানে কেউ এনিমেটর হিসেবে নিজেকে তৈরি করেনি বা এ শিল্প গড়ে তোলার জন্য কার্যকর কোন উদ্যোগ নেননি। এটা আমাদের জন্য এক দুর্ভাগ্য বলেতে হবে।

একজন শিল্প নির্দেশকের সার্বিক তত্ত্বাবধানে আট দশজনের দল গঠন করা যেতে পারে, যারা নিজস্বেরই এনিমেশন সফটওয়্যার জন্ম তৈরি করবে। এই দলের কাজের অবশ্যই ঐতিহ্যগত কিছু টেকনিক জানা প্রয়োজন হবে। যেমন-গ্রাফিঙ্গ, ফটোগ্রাফি, ডিজিট্রাফি, চারুকলায় বিষয়াদি, ডিজাইন কনসেপ্ট, রঙের ব্যাবহার, ক্যামেরা, লাইট, আবেশ, অঙ্ক, ফোকাস, ড্রিলনাট, পিকচারাল, স্টেট, লোকেশন, সাউন্ড, মিউজিক, ডিউট ও ক্যাপচার, ডিউট সম্পাদনা, পেশার ইতিহাস, ফাইনাল আউটপুট ইত্যাদি। শুধু কমপিউটারের এনিমেশন এনিমেশন সফটওয়্যার শিখলেই কাজে পক্ষে এনিমেশন ফিল্ম বা এ জাতীয় গুরুত্বপূর্ণ কিছু করা সম্ভব নয়। কোন কাজ জানার মানে হলো তার সবকিছুই জানা।

উইজোজ-এগ্রপ্লি/আপল ওএম-১০, মাইক্রোসফট অফিস, ইন্টারনেট ব্রাউজিং সফটওয়্যার, অস্টোপা, ইলাস্ট্রেটর, ড্রাফ, ডিউটর, এনিমেটর, ট্রীডি কুইট মায়ার ও ক্যারেক্টার ডিউটর, মারা, পোলার, প্রিমিয়ার, ফাইনাল কাট প্রো, এভি অফরার ইফেক্ট প্রভৃতি ভাষ্যভাষ্যে আরও করতে হবে। আর সাধারণভাবে পেক্সিমায় ডোর বা ড্যানাল জি-ফোর মারের কমপিউটার ও ম্যানসই অনুসৃতিক যেন-ক্যান্ডার, প্রিন্টার, স্কিনি/ডিউটি রাইটার/ধেম, ড্রাস মেমরি কার্ড, ডিজিটাল ক্লিক ও ডিউট ক্যামেরা, ডিজিটাল প্রজেক্টর ইত্যাদি সঠিকভাবে চালনা জানতে হবে। প্রাথমিকভাবে দুই পনের জন্য ইন্টারনেট ও টেলিফোন সুবিধাধার নই ক্রমের একটি অফিসই এ কাজের জন্য যথেষ্ট। এক লাফেই আন্তর্জাতিক মার্গের কোন কাজ করা সম্ভব নয়। তাই প্রথমে নিজস্বের বাজারের চালিদা অনুযায়ী চমকিড, টিভি, বিনোদন, শিক্ষা ইত্যাদি

মাধ্যমে কাজ করে পেশাদারিত্ব অর্জন করতে হবে। আট-দশজনের দল গঠনে কতদিন সময় লাগবে এটা নির্ভর করবে এই দলে কার মুক্ত হাঁধে এবং তারা কি ধরনের প্রতিষ্ঠানিক সুযোগ সুবিধা পাচ্ছে তার ওপর। আগে থেকে গ্রাফিঙ্গ ও বিজ্ঞিতভাবে কিছু কিছু এনিমেশন সফটওয়্যার জানা লোকজন, আর্টিস্ট, বিপদন কর্মী সর্বোপরি একজন অভিজ্ঞ শিল্প নির্দেশকের মিলিত উদ্যোগই বাংলাদেশে বর্তমান হোকপটে একটি এনিমেশন হাউজ গড়ে তোলার পক্ষে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে। বিশেষ প্রয়োজনে ফিল্মের দেশ-বিশেষ এনিমেশন শিল্প মেকার ও এনিমেটরদের সহযোগিতা নেয়া যেতে পারে। এ ধরনের একটি উদ্যোগ সমলভাবে পরিচালনা করতে পারলে বাংলাদেশে একটি পেশাদার এনিমেশন হাউজ গড়ে তোলা সম্ভব।

আরিফ রহমান
এনিমেশন শিল্প গড়ায় প্রত্যাশী, আরবাবাল, ঢাকা

মজার গণিত ও শব্দ ফাঁদ ভাল লাগছে

আমি কমপিউটার জগৎ-এর একজন খুবই পুরোনো পাঠক। আর তাই এই ম্যাগাজিনের কাছে আমার কিছু চাওয়ার থাকতেই পারে। তা ছাড়া এটি আমার সবচেয়ে প্রিয় ম্যাগাজিনও বটে। সম্প্রতি মজার গণিত এবং আইসিটি শব্দার্থ নামে যে নতুন বিভাগ চালু হয়েছে, তা আমাকে আনন্দ দিয়েছে। আমি চাই আপনার এই বিভাগগুলো অব্রাহত রাখার পদাঙ্গাণি আরো সমৃদ্ধ করবেন। অন্যান্য লেখক ও আমার ভাল লাগে। আমি মনে করি, কমপিউটার জগৎ বাংলাদেশের শ্রেষ্ঠ আইসিটি ম্যাগাজিন। অবশ্য এটা আমার ব্যক্তিগত মতামত, যদিও তা সত্য এবং যৌক্তিক। কমপিউটার জগৎ-এর উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

রাশেদুল হাসান
কমপিউটার সায়েন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

প্রযুক্তিবিদ্যের দেশের কল্যাণে এগিয়ে আসতে হবে

জুলাই '০৫ সংখ্যার দেশের ধর্মামুখ্য আই টি নির্ভর পত্রিকা 'কমপিউটার জগৎ'-এর গ্রন্থ প্রতিক্রিয়ায় প্রকাশের দাবি রাখে। প্রতিবেদনের ভূমিকা, বিশ্বায়িতিক বর্ণনা এবং দেশের 'সিএসই টাইগার'দের সাফল্যকার সবমিলিয়ে আমাদের দেশের আইসিটি অঙ্গনের শিক্ষা ব্যবস্থা এবং এর ভবিষ্যত চিত্রের ব্যক্তব্য প্রযুক্তি তৈরিতে হয়েছে। বিশেষত, এমএমএ হোসম স্যারের সাক্ষাৎকারটি আমার কাছে অত্যন্ত সময়েপযোগী মনে হয়েছে। তিনি তার সাক্ষাৎকারে যে বিশেষ 'সেন্স' এক কথা বলেছেন, তা আমাদের অনুসরণ করা প্রয়োজন। এছাড়া প্রোগ্রামারদের জন্য ইন্টারশিপের ব্যবস্থা যেকোন ক্যাশুয়ারির জন্য কার্যকর ভূমিকা রাখবে বলে আমার বিশ্বাস।

পরিশেষে, আমি ড. হোসম স্যারের সাথে একমত যে, আমাদের দেশের প্রযুক্তিবিদদের অবশ্যই দেশের কল্যাণে এগিয়ে আসা উচিত। গ্রন্থটির লেখকগণকে তাদের মূল্যদান তথা দেয়ার জন্য আশেপাশ ধন্যবাদ। আপা করছি, ভবিষ্যতে এ ধরনের আরও প্রতিবেদন আমরা আরো পাব। ধন্যবাদ 'কমপিউটার জগৎ'।

নাজমুল ইসলাম
Kuet_nazrul2k@yahoo.com

মজার গণিত ও শব্দ ফাঁদ চালিয়ে যেতে হবে

আমি কমপিউটার জগৎ-এর নিয়মিত এবং পুরোনো পাঠক। মজার গণিত এবং শব্দার্থ বিভাগের অসাধারণ আইডিয়ার জন্য কৰ্পণকতে

সাধুবাদ জানাই। আমি রাজশাহী প্রকাশীল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র। আমরা বেশ কয়েকজন বন্ধু মিলে কমপিউটার জগৎ পড়ি। যেহেতু আমরা কমপিউটার সায়েন্স অ্যাড আইনিমেশনের ছাত্র, তাই মজার গণিত আমাদের, যুক্তিকে সমৃদ্ধ করতে সহায়তা করছে। আমাদের বিভাগের একজন সিনিয়র শিক্ষকও এর ছাত্রসী প্রশংসা করেছেন। আইসিটি শব্দার্থ এক ধরনের কুঁজের মতো। আইডিয়ার খুঁই চমককার, আমাদের দাবি এ বিভাগ অব্রাহত রাখতে হবে। কমপিউটার জগৎ-এর অগ্রগতি কামনা করছি। আপ্লাহ হাফেজ।

মিজানুর রহমান
বন্ধুদের পক্ষে কয়েট, রাজশাহী

ওয়েবসাইটে সংবাদপত্র প্রসঙ্গে

দেশের দক্ষিণ-পশ্চিম উপকূলীয় অঞ্চলে বর্তমানে বেশ কয়েকটি স্থানীয় সংবাদপত্র নিয়মিত প্রকাশিত হচ্ছে। এর মধ্যে উল্লেখযোগ্য হল, 'দৈনিক পূর্বাল', 'দৈনিক জনবুধি', 'দৈনিক প্রবন্ধ', 'দৈনিক বাঘের কাগজ', 'দৈনিক রাজপথের দাবী', 'দৈনিক তথ্য', 'দৈনিক প্রবাহ', 'দৈনিক অধিনিদ', 'দৈনিক ধবর', 'দৈনিক ফলাফল', 'দৈনিক সাতক্ষীরাই ইত্যাদি। বর্তমানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যুগে মাহুই ইন্টারনেটের মাধ্যমে পত্রিকার সংবাদ পত্র করতে বেশি বাচ্ছদ ব্যবহৃত করে। যদিও নেতাজের দেশের সব পত্রিকার ওয়েবসাইট এখনও তৈরি হয়নি। তবুও যারা ইন্টারনেটে ব্যবহারে অভ্যস্ত হয়ে পড়েছেন, তাদের কাছে এর চাহিদা ব্যাপক। 'দৈনিক পূর্বাল' পত্রিকার একটি ওয়েবসাইট রয়েছে। ব্যবসায়িক দিক থেকে দেখলে ওয়েবসাইটে কোন প্রয়োজন নেই, এমন মত্ববা আছেই করবেন। কারণ, যদি ওয়েবসাইটে সব সংবাদ দেওয়া থাকে তবে পত্রিকা নশদ অর্থ দিয়ে আর কেউ কিনবে কেন? যদিও এমনটি ভাবা ঠিক নয়।

অনেক গবেষক রয়েছেন, যারা নির্দিষ্ট কোন ইস্যুর ওপর কাজ করেন। তাদের পুরানো ভাষার জন্য অনেক সময় লাইব্রেরি পত্রিকা অফিসে যেতে হবে। এই জন্য দৈনিক পত্রিকা যদি ওয়েবসাইট থাকে তাহলে সেবান থেকে বিগত দিনের সংবাদ খুঁ পু সহজেই পড়া যেতে পারে। এই উদ্দেশ্যে স্থানীয় ওপেনসোর্স পত্রিকার ওয়েবসাইট তৈরির ক্ষেত্রে যে সমস্যা রয়েছে তা হচ্ছে সরকারি সাহায্য সহযোগিতার অভাব, দক্ষ জনবল থাকা সত্ত্বেও তার যথাযথ ব্যবহার না করা, স্থানীয় পর্যায়ে সংবাদকে বিস্তৃত আকারে তুলে না ধরা, ব্যক্তিগত উদ্যোগের অভাব, ব্যবসায়িক দৃষ্টিতে সংবাদপত্র প্রচার ইত্যাদি। এরকম সমস্যার উত্তরণ ঘটানো যুগে সচ্যে তাল দেলানো অবশ্যই উচিত।

মো: আব্দুর রহমান খান ছুয়েল
বাগমারা ইনস রোড, বুন্দনা

কমপিউটার জগৎ-এর পাঠকত্ব থেকে
লেখা সম্পর্কে আপনার সু-চিত্রিত
মতামত গ্রহণে পাঠান। আপনার
মতামত '৩৯ মত' বিভাগে আমরা
তুলে ধরার চেষ্টা করবো।

মালিক কমপিউটার জগৎ
কক্ষ নং ১১, বিজিএম কমপিউটার সিটি,
রেকোর্ড সর্কা, আগারগাঁও, ঢাকা-১২০৭
ই-মেইল: jagat@cornigat.com

উন্নত জীবনের হাতছানি

ভার্চুয়ালাইজেশন মাস কোলাবরেশন মোবাইল কমপিউটিং...

প্রকৌশলী তাজুল ইসলাম

কেন হতে পাণ্ডা দিদের প্রস্তুতি পাঁচ বা দশ বছর পরে তথা প্রযুক্তির চেহারা কি দাঁড়াবে? এসব প্রশ্নের জবাব দেয়া কিছুটা কঠিন হলেও বর্তমানে পাণ্ডা ইন্সটিটুট থেকে এ ব্যাপারে অনেকটা আঁচ করা যায়, যদিও সঠিক ভবিষ্যদ্বাণী করা নিশ্চয়ই জটিল ব্যাপার। আর এ কথাটি আরো বেশি সত্য তথা প্রযুক্তির বেলায়। কারণ, এ প্রযুক্তি এত, দ্রুত পরিবর্তনশীল যে, অনেক সময় কল্পনা করা যায় না, কোন দিকে যাবে। যেমন, তথা প্রযুক্তির-ই এক অনুঘটন ইন্টারনেটের কথা, যা আমাদের জীবন যাত্রাকে এমন বদলে দিয়েছে যে, গত ১০ বছর আগেও এমনটা ভাবা যায়নি। সমাধ, রাষ্ট্র, ব্যবসায়-বাণিজ্য থেকে শুরু করে ব্যক্তি জীবনে ইন্টারনেট আমূল পরিবর্তন এনেছে। আমাদের দেশে ডিজিটাল ডিভাইসের ফলে তেমন অঙ্গপূর্ণ পরিবর্তন না হলেও উন্নত বিধে যে এটি সামগ্রিক সমাজ কাঠামোর আমূল পরিবর্তন নিয়ে এসেছে তা কন্ট্রাই বাহুলা। ইন্টারনেটের এ বিরাট প্রভাবের মূল কারণ এর সহজলভ্যতা ও আর্থিক সাশ্রয়। প্রচলিত পণ্যের তুলনায় এটি অতুলনীয় হস্তমূল্যে সেবাদান করছে। আর গতির ব্যাপার তো আছেই। একটি চিঠি পড়বাহুল্যে পৌঁছাতে দিনের পক্ষে যেখানে একদিন লেগে যেতো সেখানে ই-মেইলের কল্যাণে দুই মিনিটের মধ্যেই পৌঁছে যাচ্ছে সে বার্তা। ইন্টারনেটের সবচেয়ে বড় বিষয় হচ্ছে এর বহুমুখী ব্যবহার। এটি দিয়ে কি করা যায় না তাই এখন গবেষণার বিষয়। সমস্ত যোগাযোগ, বিদ্যেদান, ব্যবসায়-বাণিজ্য

পরিচালনসহ তথ্যের মহাজাজরার উপদে হয়ে ওঠেছে এ মাধ্যম। জীবনের সব ক্ষেত্রে এর ব্যাপ্তি ছড়িয়ে পড়েছে। শুধু তাই নয় নতুন নতুন ক্ষেত্রও সৃষ্টি হচ্ছে। হাতে নতুন এক ধারণা সৃষ্টি হয়েছে ইন্টারনেটের কল্যাণে। এর নাম গণ সহযোগ বা মাস কোলাবরেশন, যা ব্যবসায়-বাণিজ্যের চেহারাতে পাশ্চৈ দিতে শুরু করেছে।

গণ-সহযোগ মাস কোলাবরেশন কি?

আমরা জানি ব্যক্তি বা সমষ্টির মধ্যে পার্থক্য কি? সমষ্টির সমন্বিত উদ্যোগেই পৃষ্ঠিত হয় গণ-সহযোগ। একেই সমষ্টির আকারই নির্ধারণ করে এর পরিধি। তবে এ পরিধি কোন কৌণিক অঞ্চল বা রাষ্ট্রের মধ্যে সীমাবদ্ধ হয়ে পড়লে তার প্রভাব তেমন নজরে পড়ে না।

ইন্টারনেট এমন একটি মাধ্যম, যা কোন কৌণিক সীমারেখা মানে না। আর তাই ইন্টারনেটের মাধ্যমে যে গণ-সহযোগ তৈরি হয় তার প্রভাব অত্যন্ত ব্যাপক এবং সুদূরপ্রসারী, কারণ বিশ্বের প্রত্যন্ত অঞ্চল থেকে শুরু করে অত্যাধুনিক নগরীর বাসিন্দাও এতে সামিল হতে পারে বেখোঁষ।

এর জন্য কোন 'প্রস্তুত প্রতিবেদন'

আনুষ্ঠানিকতার প্রয়োজন হয় না, শুধু প্রয়োজন উদ্যোগের। গণ-সহযোগের ব্যাপারটি যে একদম নতুন ধারণা তা কিছু নয়। আর তার প্রমাণ হলো গিনঅব্র। বেশ ক'বছর আগে থেকেই ইন্টারনেটের কল্যাণে আবাণিজ্য-ভিত্তিক একটি কমিউনিটি বা গোষ্ঠির জন্ম হয়, যারা অনবরত লিনঅব্রের জন্য 'কোড' লিখে



চলেছেন। তবে আজ যে প্রসঙ্গের অবতারণা তার উদ্দেশ্য সম্পূর্ণ বাণিজ্যিক অর্থাৎ গণ-সহযোগের মাধ্যমে মুক্ত বাণিজ্যিক অবকাঠামো নির্মাণ ও পরিচালন। ইউরোপের ছোট একটি কোম্পানি Skype Technologies এ ধরনের একটি প্রতিষ্ঠান, যারা আজ ট্রিলিয়ন ডলারের ইভালুই হবার পথে। ঘটনাটি অবিদ্বাঙ্গ্য হলেও সত্যি। তারা ক্রাইপ নামের একটি প্রোগ্রাম ডেভেলপ করেছে, যা ব্যবহারকারীর আবাবহৃত রিসোর্স (সিপিইউ, হার্ড ড্রাইভ) ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমে বিনামূল্যে টেলিফোন যোগাযোগের ব্যবস্থা করে। এতে তাদের কোন কেন্দ্রীয় স্থাপনা নেই বা বাড়তি পুঞ্জির দরকার হয় না। ভোক্তা বা ব্যবহারকারী তাদের সহযোগিতার হাত বাড়াচ্ছেই সিফটমইট অনন্তকাল চাপু থাকতে পারবে। এ যেন শরীরের অঙ্গ ▶

যতদিন জীবন থাকবে, ততদিন সেটিও বেঁচে থাকবে। কথাটি হলেগেলে নিকোলাস জেনস্ট্রম, ফাইবের সিইও। অর্থাৎ হত্যাদিন ইটাচনেট থাকবে, ততদিন ফাইবও বেঁচে থাকবে। বর্তমানে ৪ কোটি ১০ লাখ লোক এ সেবা গ্রহণ করছে; প্রতিদিন সড়ে লাখ গ্রাহক বাসে। এদিকে AT&T এবং MCI কোম্পানির বেন মরন মা। তারা জেবে পাচ্ছে না কি করবে? ফাইবের ব্যবহারও বেশ সহজ। ফাইব contact list থেকে কলমিত ব্যক্তির নামের ওপর ক্লিক করলেই কল সংযোগ হয়ে যাবে, ঠিক যে রেকর্ডার ফোনে মতই। তপু একটি হেডসেট দাগাবে। এর শব্দের গুণগত মান রেকর্ডার ফোনের চেয়েও ভালো-অবাক লাগে বৈকি!

কিন্তু মূল্যে উন্নত মান এটাও কি হয়? ফাইব ব্যবহার করে শত শত কোম্পানি তাদের টেলিফোন বিক্রেত হওয়ায় উজ্জ্বল দিচ্ছে। এ পরিবেশে আমরা কোন তা ব্যবহার করতে পারি না- ভাবতে বাধ্য লাগে।

গণ-সহযোগের ব্যবহার: গবেষণা শিল্পে, ব্যবসায়-বাণিজ্যের ওপরে যে ফাইবের দৃষ্টিপাতি দেয়া হলো, সেটা হচ্ছে ব্যবসায়িক কাঠামো নির্মাণে গণ-সহযোগের ব্যবহারের একটি উপায়। এছাড়াও অনেকগুলো প্রতিষ্ঠান যৌন-বিশ্বখ্যাত গ্ৰেইর আড্ড প্যাঙ্ক তাদের গবেষণার কাজে এ কোম্পানি ব্যবহার করছে। এর ফলে এরা নতুন পণ্যের এক তৃতীয়াংশ বাইরের কোম্পানি থেকে পেয়ে যাচ্ছে। এক্ষেত্রে তারা

প্রচ্ছদ প্রতিবেদন কোম্পানির বৈজ্ঞানিক নেটওয়ার্ক ব্যবহার করছে। লোক ভাড়া করার ক্ষেত্রেও কোম্পানি কাজে লাগাচ্ছে LinkedIn নামের একটি প্রতিষ্ঠান। এ কোম্পানি একটি নেটওয়ার্কিং সাইট পরিচালনা করে, যাতে ২৭ লাখ লোক চাকরির সুবিধা পেতে পারে বিশ্বজুড়ে বহুর মাধ্যমে। পিঙ্গ-সফট কোম্পানির ৫,৫০০ কর্মকর্তা এ সাইটে তাদের নাম লিখিয়েছেন ওরাকল অধিগ্রহণ করে নেয়ার আগে। উপরে যে নেটওয়ার্কের কথা বলা হয়েছে, তা কমপিউটার নেটওয়ার্ক নয় বরং মানুষের নেটওয়ার্ক। শিশুদের খেলার সামগ্রী উৎপাদনকারী LEGO তাদের নতুন লোকোমোটিভ বিট-এর ডিজাইন ২৫০ জন ট্রেন ভক্তকে প্রদর্শন করে ও তাদের পরামর্শ নিয়ে তৈরি করে ১০ পিসের মাধ্যমে ১০ হাজার ইউনিট বিক্রি করতে সক্ষম হয়েছিল। ঐ ট্রেন ভক্তদের নামের তালিকাভুক্তি ইটারনেটের মাধ্যমে করা হয়েছিল। তাদের কথার ওপর ভিত্তি করে বন্ধুরা ঐ সামগ্রী কিনেছিল।

উপরেলিখিত ঘটনাগুলো থেকে প্রতীয়মান হচ্ছে, ইটারনেট সামাজিক মাধ্যম হিসেবে একটি দ্রুত এবং বলিষ্ঠ ভূমিকা রাখতে পারছে। এতে করে জনগণের ভূমিকা ক্রমান্বয়ে শক্তিশালী হচ্ছে। ইটারনেটে গণ-সহযোগের আরো কতগুলো ক্ষেত্র হচ্ছে ফাইল শেয়ারিং (গান/ভিডিও/ফাইল), ব্লগ (অন-সাইন জার্নাল) ইত্যাদি।

মোবাইল কমপিউটিং

এবার আসা যাক আগামী দিনের প্রযুক্তি মোবাইল কমপিউটিং বা ডায়ামান্ড কমপিউটিং

প্রসূ। আপনি অফিসের বাইরে যোগাযোগে থাকুনো কেন, যখন হুব হেনে আপনি অফিসেই আছেন এবং আপনার দায়িত্ব পালন করছেন। বাহ্যে ব্যাপারটি উদ্ভেগ অর্থাৎ আপনি বাসায় বসে অন্য কাজ চালিয়ে যাবার পাশাপাশি ফর্মই গ্রহেয়জন হচ্ছে, তখনই উর্ধ্বতন কর্মকর্তা বা অন্যদের সাথে যোগাযোগ করছেন অথবা তারা আপনার সাথে যোগাযোগ করে কাজ সম্পন্ন করানো। যেমন, সুদূর এক মফস্বল শহরে সরাসরে তিনিদিন আপনি আপনার মা-বাবাকে দেখাফসর জন্য অবস্থান করতে চান, অর্থাৎ অফিস কিছুতেই আপনাকে ছুটি দেনে না। এ অবস্থায় যে প্রযুক্তি আপনাকে সাহায্যের জন্য এগিয়ে আসবে, তার নাম মোবাইল কমপিউটিং প্রযুক্তি। এতে গ্রহেয়জন একটি ম্যাপিং কমপিউটার, যাতে গুগলারসেস প্রযুক্তি সজ্জিত থাকবে নেটে সংযুক্তির জন্য একটি ওয়েব ক্যাম, ভিডিও কনফারেন্সিংয়ের জন্য একটি হার্টফোন বা পিডিএ, যা কল সংযোগ ছাড়াও নিম্নলিখী ধারণ করবে এবং কর্পোরেট ই-মেইল ডাউনলোড করবে। আপনি যদি ফ্রেন্ডশিপে ব্যয়ামে ব্যস্ত থাকছেন তখন মচন ট্রেনিং/পিসিএ এবং কাজগুলো আপনার অজ্ঞাত করে রাখবে। এতে করে আপনার ব্যক্তি জীবন ও কর্মজীবনের মধ্যে একটি ভারসাম্য তৈরি হবে বলে অনেকেই ধারণা। উপরেই ঘটনাকে যেকোন

গ্রহণযোগ্য উপায়ে সাজানো যেতে পারে। অফিসের কাজের বিঘ্ন না হলে বড় কর্তার পররাষ্ট্রী হবার কথা নয়। এমনও কতিপয় কোম্পানি রয়েছে, যাদের প্রধান নির্বাহী কর্মকর্তারা তাদের ঠাকুরের কাছ থেকে ১২ থেকে ১৪ ঘণ্টা সময় দাবি করে বলেন। ঠাকুরের কাছে ব্যাপারটি নীড়ানায়ক হলেও চাকরি রক্ষার খতিয়ে তারা ভেতন উচ্চাকাঙ্ক করেন না। এ অবস্থার অবসান হতে পারে এ প্রযুক্তির কল্যাণে। দ্রুতগতির গুগলারসেস নেটওয়ার্ক, উদ্ভাবনমূলক যোগাযোগ সফটওয়্যার এবং নেটবুক পিসি যা হ্যাডহেডে ডিভাইসের সহজ লভ্যতার সাপেক্ষেই গার্মোল অফিস জনপ্রিয় হয়ে ওঠতে পারে। এ ব্যাপারে সাহায্য করছে হেল, মাইক্রোসফট, ইন্টেল ইত্যাদি কমপিউটার নির্মাতা প্রতিষ্ঠান। তারা অধিক মাত্রায় ড্রেসটপ মার্কেট থেকে মোবাইল প্রযুক্তির দিকে তাদের দৃষ্টিকে নিবন্ধ করতে চাইছে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে মাইক্রোসফটের কথা। তারা গণ জুমে শর্টফর্মের জন্য উইন্ডোজ মোবাইল অপারেটিং সিস্টেমের নতুন সংস্করণের ঘোষণা দিয়েছে, যা নিম্নলিখিতভাবে তাদের পিসিতে সংযুক্তি নিয়ে ই-মেইল, ওয়ার্ড, এক্সেল ওপেন করতে পারবে। এদিকে ইন্টেল পিসি নির্মাণের জন্য টিএসসিএ

সামাজিক মাধ্যম হিসেবে ইন্টারনেটের ক্রমবিকাশ

জানের এক দশক পর ইটারনেট বা সংক্ষেপে নেট একটি অন্যতম সামাজিক মাধ্যম হিসেবে প্রচুর্টিত হতে চলছে-



ONE TO ONE
এক জন থেকে একজন ১৯৯০'র দশকের শুরুতে ই-মেইল নেটেই মাধ্যমে একজনের সাথে আরেকজনের পাশাপাশি যোগাযোগের মাধ্যম হয়ে ওঠে। খুব দ্রুত গতিসম্পন্ন হলেও ইমাইল শেয়ারিং কিছুনা যোগ্য হওয়ায় মানুষ বিরত বোধ করাই।



ONE TO MANY
এক থেকে বহুজনে ১৯৯৩'র দশকে ওয়েব ব্রিউজারের আবির্ভাবের মাধ্যমে ওয়ার্ড ওয়ার্ডে ওয়েবের একটি সম্প্রচার মাধ্যম হিসেবে আত্মপ্রকাশ করে। তবে টেলিভিশন এক্ষেত্রে এখনো পিঙ্গলারী ভূমিকা পালন করে।



MANY TO MANY
বহু জন থেকে বহুজনে দায়িত্ব দেয়ায়, ব্লগ এবং সামাজিক নেটওয়ার্কিং সেবা হওয়ায় গণ মানুষের একসাথে অংশ নেয়ার মাধ্যমে হয়ে ওঠে। জ্ঞানের বোধ প্রসারের জন্য নতুন নতুন সেবার উদ্ভব হয়। যেমন নেট সোসে নেটওয়ার্ক ফাইব এবং অন-সাইন বিজ্ঞানের উইকি পিডিএ।

গ্রেসের এবং সফটওয়্যার ডেভেলপ করছে, যাতে করে চিকন, হ্যাঙ্গা নেটবুক নির্মাণ সহজ হয়। সেল-ফোন তা মোবাইল ফোনে সংযোগ করতে সক্ষম এমন চিপও তারা তৈরি করেছে। সর্বাধিক বিবেচনা করে যদি এ প্রযুক্তি সাদ্রশী প্রমাণিত হয়, তাহলে কর্পোরেট প্রতিষ্ঠানগুলো এদিকে সূকবে বলে আশা করা যায়।

মোবাইল কমপিউটিংয়ে নিরাপত্তা

এ প্রযুক্তি গ্রহণযোগ্য হবার আরেকটি মুক্তি হলো হাল আমলে নিরাপত্তা দেয়া সহজ হচ্ছে অনেক বেশি। আগে কর্পোরেট প্রতিষ্ঠানগুলো নিরাপত্তার অজুহাতে এদিকে এগোয়নি। বর্তমানে রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট, মাইক্রোসফট এবং গুড টেকনোলজি সফটওয়্যার সমাধান বের করেছে। এসব সফটওয়্যার ডায়ামান্ডম্যান নিরাপত্তা বহাল রেখে দূর থেকে প্রোগ্রামার সেট করা এবং গুগলারসেস নেটওয়ার্কের ডেভেলপার কোন ডিভাইসকে অকার্যকর করতে পারবে। যুক্তরাষ্ট্রের ইন্সমুরেল কোম্পানি হেল্প নেট এ সফটওয়্যার ব্যবহার করে আশ্রয় হয়েছে, তার ৫১ লাখ গ্রাহকের তথ্য ভুল হতে পাড়বে না। এ কোম্পানি তার ম্যানুজারদের

শেয়ারিং নেটের পরবর্তী বাধা

নেটের পরবর্তী বাধাসমূহ দূর করার জন্য নতুন এ টেকনোলজির রিসোর্সগুলোকে চমৎকারভাবে বিন্যস্ত করা হয়েছে, যার সমস্তিক শক্তি বিশ্বব্যাপী এক আলোড়ন সৃষ্টি করেছে এবং সূচনা করতে যাচ্ছে এক নতুন অধ্যায়ের।



টেলিকম: প্রবেশ পৃষ্ঠা ও ন্যাকটাইপে যোগ করার জন্য বিসি ৪ কোডি ১০ লাখ থেকে বৃদ্ধায়ার করে ছাঁপ সফটওয়্যার। এ সফটওয়্যারের মাধ্যমে কলসেন্টারের ইন্টারনেট একে বন্ধ করে ক্রী বল করতে পারে। অংশ এক ফল এনক্রিপ্ট ও এন্ক্রিপ্ট এক রফত মোকাবেলা ২০০৪ সালে ১৪০ কোডি চমায় অর্থাৎ ১৪% কম হয়ে।



সফটওয়্যার: অনলাইনে সফটওয়্যারের মাধ্যমে প্রোগ্রামারের নিয়ন্ত্রণে সিস্টেম-এর ১ মাসের বেশি অংশ সোর্স প্রোগ্রামে প্রোগ্রামারদের কাজ করবে। সফটওয়্যার এক সফটওয়্যার থেকে গড়ে, বড় বড় বাক্যের প্রতিদিন ৫২ শতাংশ মাইক্রোসফট উইন্ডোজ সার্ভার সফটওয়্যারের পরিবেশে সিস্টেম ব্যবহার করবে।



এয়ারটেইনমেন্ট: প্রতি সূচিত ও রেকর্ডিং কোম্পানির বৈধ ও আইনগত বাধ্য পরও সেবা হচ্ছে, ১০ কোডি লোক অনলাইনে মিউজিক ফাইল শেয়ার করছে। বর্তমানে অনলাইনে মিউজিক ফাইল শেয়ারিংয়ের জন্য প্রায় ১ বিলিয়ন পান রয়েছে।



মিডিয়া: পত্রাঙ্গণিতিক ব্রডকাস্ট মডেলের বদলে এ কোডি ৩০ লাখ অধিকারকান মেটে মেটোরিয়াল মেটে করছে যেমন, ডোডটি রিডিং ও পোস্টিং প্রক করা। কমপক্ষে ১ কোডি ব্লক রয়েছে, যা মূলধারা ব্যবহার সাইটের চেয়ে বেশি ডিজিটালক আকর্ষণ করে।



এডভার্টাইজিং: সার্চ ইঞ্জিন গুগলের জরিপ অনুযায়ী গুগল সার্চে ১ কোডি লোক ও ব্যবহার একে অপরের সাথে লিঙ্ক রয়েছে যা উপস্থাপন করছে সম্পূর্ণ নতুন বিজ্ঞাপন কেন্দ্র যাচ পাঠ করার আত ছিল ৩২০ কোডি মার্চিন ডলার। এ কথা অংশের চেয়ে ১১৮ শতাংশ বেশি।

ব্র্যাকবেরি নামের একটি হ্যান্ডসেট দিয়েছে, যা দিয়ে গ্রাহকের তথ্য যেকোন স্থান থেকে এক্সেস করা যায়। বাজার গবেষণামূলক প্রতিষ্ঠান আইভিসি ধারণা করছে ২০০৮ সাল নাগাদ স্মার্ট ফোন বিক্রির সংখ্যা ১ কোডি ৬২ লাখ ছাড়িয়ে যাবে, যা ২০০৪ সালে ২৬ লাখে উন্নীত হয়েছিল, চাহিদা বাজার মধ্যে নির্মাতা প্রতিষ্ঠানগুলো যেমন নোকিয়া, এলজি, স্যামসাং এবং অন্যান্য কোম্পানি এমন ক্যামেরা ফোন বাজারে ছাড়ার পরিকল্পনা করছে যে যাতে করে এগুলো ওয়াই-ফাই নেটওয়ার্কের সাথে নিরন্তর সম্পৃক্ত হতে পারে। এধরনের যন্ত্রপাতি নেটওয়ার্কে লগ করে সফা, VoIP কল (বেমেন: ছাঁপ টেকনোলজিদের) করতে পারবে। সার্কুলার বা চন্দন অফিসের ধারণা বহু আশে থেকে চালু হলেও এ বাস্তবায়নের জন্য নির্মাতা কোম্পানিগুলো বিভিন্ন পণ্য উদ্ভাবন করে এগুলো বাজারজাত করার জন্য প্রাণান্ত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আগামী দিনে হয়তো এ ধরনের কম্পিউট প্রতিক্রিয়ার সংখ্যা উল্লেখযোগ্য হারে বাড়বে। তবে এখানে কথা থেকে যা, যেহেতু কর্ম জীবন ও ব্যক্তি জীবনের মধ্যে সীমাবদ্ধা বিলীন হয়ে চলেছে সেখানে ম্যানেজার এবং টিমফদের জন্য নতুন আচরণবিধি প্রণয়ন করতে হবে যাতে করে উভয়ের জীবনই বিঘ্নময় না হয়ে ওঠে।

হার্ডওয়্যার ও সফটওয়্যারের আর্চুয়ালাইজেশন

আমরা আর্চুয়াল অফিসের কথা চিন্তাই। প্রকৃত অফিসের বাইরে থেকে প্রকৃতি ব্যবহার করে যখন অফিসের যাবতীয় কাজ করা হয়, তখন এ অর্থস্বত্বকে বলে আর্চুয়াল অফিস। অথবা ধরা যাক আর্চুয়াল শপিংয়ের কথা। এখানে আপনি ঘরে বসেই শপিং করতে পারেন। বিভিন্ন পোর্টালের সামগ্রী রাইডিং করে কমপিউটারের

মাধ্যমে অথবা ফোনে আপনি অর্ডার দিতে পারেন। এছাড়াও মূল্য পরিশোধের জন্য ক্রেডিট কার্ডের প্রয়োজন হবে। পৃথিবীর যেকোন প্রান্ত থেকে এ সুবিধে নেয়া যাবে। এ জন্য প্রয়োজন হবে নেট ছাড়াও কতিপয় ভিত্তাইল ও কমপিউটার। তবে আর্চুয়ালাইজেশন এখনও

পরিপূর্ণতা পায়নি। আগামী দিনে এর যে বিস্তৃতি ঘটবে তাতে সন্দেহ নেই। কারণ, ইতোমধ্যে এর শাখা প্রশাখা গজাতে শুরু করেছে। যেমন, গুগলে হোষ্টিংয়ের কথা। আজকাল গুগলে হোষ্টিং মানেই আর্চুয়াল হোষ্টিং। একটি

নতুন অফিসের চেহারা কেমন হবে?

কর্মীরা হোটেল, এয়ারপোর্ট বা শপিং মল কোনোদিন গুপ্তন না কেন, প্রকৃতি তাইদেরকে সংযুক্ত রাখবে:

- ০১. **ওয়ার্ল্ডসেস ডিভাইস/যন্ত্র:** ওয়ার্ল্ডসেস সফটওয়্যার স্ট্যাপটপ, ব্র্যাকবেরি নামের একটি হ্যান্ডসেট ডিভাইসের কথা জানা যাবে, যা কম্পিউট ডাটাবেজ এবং ইন্ট্রানেট থেকে তথ্য নিতে সক্ষম।
- ০২. **ডিজিটাল চ্যাট:** ইনস্ট্যান্ট মেসেজিংয়ের গুণের ডিজিট কনফারেন্স করার জন্য মাইক্রোসফটের MSN Messenger 7.0 ডায়েনা কাজ করে। তবে এটি কাজ করার জন্য ব্রডব্যান্ড নেটওয়ার্ক এবং জেব ক্যামেরা প্রয়োজন হয়।
- ০৩. **গুগল ডিজিটাল টুলস:** কি ফবস (key fobs)-এর সাহায্যে ক্যামেরাওয়ার্ল্ডসেস বাইরে জুর্নাল প্রাইভেট নেটওয়ার্কের (VPN)-এ মাধ্যমে যেকোন স্থান থেকে ই-মেইল ও কোম্পানি ডাটা এক্সেস করতে পারবে।
- ০৪. **গুগল ষ্টপ ডায়ালগ:** স্যামসাং, হটস্টোরেল, এলজি এবং অন্যান্যের এমন ফোন ছাড়া, যা সেলফোন এবং ওয়াই-ফাই (ওয়ার্ল্ডসেস নেটওয়ার্ক)-এর মধ্যে নিরন্তর যোগাযোগ ঘটতে সক্ষম হবে।

হোটেই অনস্বা আর্চুয়াল হোটেই তৈরি করে গুগল সাইটে হোটেই করা হচ্ছে। শুধু সিকিউরিটি বিজ্ঞিত গুগলসাইটের (বেমেন: ই-কমার্স) ক্ষেত্রে এর ব্যত্যয় হচ্ছে। আর্চুয়ালাইজেশন ধরনের পরিধিকে সম্বুচিত করে বলে মানুষ এদিকে ক্রমাগত অগ্রসর হচ্ছে। এরপর বলাবে সফটওয়্যার ব্যবহার করে আর্চুয়ালাইজেশন নয় বরং সফটওয়্যারের নিজেই আর্চুয়ালাইজেশন। অপারেটিং সিস্টেমের ক্ষেত্রে এটি বিশেষভাবে প্রয়োজ। কারণ, আমরা জানি একটি সিস্টেমে শুধু একটি অপারেটিং সিস্টেম সফটওয়্যার বা কার্যকর থাকতে পারে। এক সালে একাধিক অপারেটিং সিস্টেম চালানো সম্ভব নয়, বিশেষ করে পিসির ক্ষেত্রে। কিন্তু VMware নামের একটি প্রতিষ্ঠান এ ধারণা বদলে দিয়েছে। তাদের তৈরি পণ্য VMware দিয়ে আপনি যুগপৎভাবে উইন্ডোজ ও লিনাক্স চালানো পারেন। এ প্রসঙ্গে 'ফল্ট' ন্যাশনাল ব্যাকে অব নেবরাকা' নামের একটি ব্যাকের কথা বলা যেতে পারে। তারা তাদের অন-লাইন ব্যাকিং ওয়েবসাইটে ৩০টি ইউনিক্স সার্ভারের এবং ৬০০ এপ্রিকেশন ৫৬০ উইন্ডোজ সার্ভারের চ্যাপাঙ্কিত। হিসেব করে দেখা গেছে, এতে মাত্র ১২% কমপিউটিং ক্ষমতা তারা ব্যবহার করছে। ফলে তারা চিন্তা করছে কিভাবে এ সমস্যার উত্তরণ ঘটানো যায়। তারা উত্তর পেয়ে যায়। এর নাম আর্চুয়ালাইজেশন। তারা আইবিএম মেইনফ্রেম লিনাক্স ব্যবহার করে ৬০টি গুগলসাইট একটি মেইনে হোটেই করে। অন্যান্য এপ্রিকেশনের জন্য তারা বেছে নেয় আর্চুয়ালাইজেশন সফটওয়্যার VMware

কে। VMware-ইন্টল করা হয় ৭০টি সার্ভারে, যেখানে শত শত উইন্ডোজ এবং লিনআর ভিত্তিক সফটওয়্যার চালাচ্ছে অসংখ্য। এতে হার্ডওয়্যারের ক্ষমতার ব্যবহার মাঁটিয়েছে ৭০ শতাংশ। এতে ৫ বছরে ১১ কোটি ডলার সাশ্রয় করতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করেছে। কর্পোরেট কমপিউটিংয়ের ক্ষেত্রে ভার্চুয়লাইজেশন একটি নতুনীয় পরিবর্তন এনে নিতে পারে বলে ধারণা করা হচ্ছে। প্রথাগতভাবে এক বা একাধিক এপ্রিকেশনকে নির্দিষ্ট সার্ভার এবং স্টোরেজ (হার্ড ডিস্ক)-এ ইন্টল করা হয়। অন্যদিকে ভার্চুয়লাইজেশন হচ্ছে এমন একটি প্রযুক্তি, যা দিয়ে এপ্রিকেশনগুলোকে বা ডায়ালেক অনেকেগুলো কমপিউটারের মধ্যে সরিয়ে আনা যায়। একটি সার্ভার বেশি অর্ধ ডজন ভার্চুয়াল সার্ভার হিসেবে কাজ করতে পারে এবং এতে এক ভার্চুয়াল সার্ভার থেকে অন্য ভার্চুয়াল সার্ভারে কোন কিছু না ঘটিয়ে সরিয়ে আনা যায়।

ভার্চুয়লাইজেশন-এ ইন্টেল, এএমডি ও মাইক্রোসফটের অবস্থান

VMware-এর মতো মাইক্রোসফটও ইতোমধ্যে একটি সার্ভার ভার্চুয়লাইজেশন সফটওয়্যার বাজারজাত করেছে, তবে এটি ডেমন জনপ্রিয়তা অর্জন করতে পারেনি। তারা পরবর্তী সার্ভার সংক্রমে ভার্চুয়লাইজেশনের কিছু মৌলিক ফাংশন অন্তর্ভুক্ত করে বাজারে ছাড়বে, যা ২০০৭ সালে অবমুক্ত হতে

প্রচ্ছদ প্রতিবেদন

পারে বলে ধারণা করা হচ্ছে। এক প্রেশুর জবাবে মাইক্রোসফট অধীকার করেছে, তারা VMware (বর্তমানে EMC অধিকৃত) কর্তৃক মারাজক চালানোর সম্মুখীন হয়েছে বিখ্যাত এ ব্যাপারে হালে প্রচুর বিনিয়োগ বাড়িয়ে দিয়েছে। VMware একই সাথে উইন্ডোজ ও লিনআর অপারেটিংয়ের সমান পারদর্শী। এ কারণে ব্যতনাম্য প্রতিষ্ঠান কোম্পানিকমসহ অনেক প্রতিষ্ঠান VMware-কে গ্রহণ করেছে। কোয়ালকম তার সার্ভার পরিবারের অর্ধেক বেশিই ভার্চুয়লাইজেশন করেছে, যার মধ্যে ২৫% এপ্রিকেশন লিনআরে চালাচ্ছে। তারা উইন্ডোজ থেকে লিনআরে উত্তরণের সময় হিসেবে VMware-কে ব্যবহার করেছে। এদিকে ইন্টেল ও এএমডি আশাপাশি বছর থেকে তাদের ডিপে ভার্চুয়লাইজেশনকে অন্তর্ভুক্ত করতে যাচ্ছে, যাতে একটি সার্ভারে অনেকগুলো ভার্চুয়াল সার্ভারে পরিণত করা যায়।

ফিল্ডে আমরা ভার্চুয়াল বিপ্লবের সোরগোড়ায় অবস্থান করছি, তথাপি একথা সত্যি, এটি এখনও সর্বাঙ্গীয়ে ত্রুটিমুক্ত নয়। অর্থাৎ এটি যথার্থ অর্থে এখনও পরিপক্ব নয়। ভার্চুয়াল সার্ভার এবং নেটওয়ার্ককে মানসিক ও মনিটর করার জন্য যে দুর্দ শিস্টেম প্রয়োজন তা এখনও পড়ে ওঠেনি। ফলে ভার্চুয়লাইজেশন জনিত ত্রুটি একজন জ্যেষ্ঠকে মারাজক বিপর্যয়ের মধ্যে ফেলে দিতে পারে। তবে আগামী দিনে এ অবস্থা থেকে উত্তরণের জন্য প্রয়োজনীয় উপকরণ ও পথ-নির্দেশনা আমরা পাবো।

কমপিউটিং যেভাবে কাজের ধারা বদলে দেবে

ভার্চুয়লাইজেশনকে বাজার গবেষকরা ইন্টারনেটের মতো এক বিশাল সম্ভাবনাময় ক্ষেত্র হিসেবে বিবেচনা করছেন। কারণ, এ প্রযুক্তি ব্যবহার করে জোড়ার বিশেষ করে কমপ্যুটর ক্লাউডেরা বেশিচ্ছদ সুবিধাদি পাবেন:

০১. **মুদ্রা সাশ্রয়**- একটি সার্ভার যেহেতু একাধিক প্রাটিক্রমে একাধিক প্রোগ্রাম চালাবে, তখন এটি মুদ্রা সাশ্রয় এনে দেবে, কারণ তখন সার্ভার কম লাগবে।

০২. **সহজ রক্ষণাবেক্ষণ**- কম সার্ভার মানেই কম রক্ষণাবেক্ষণ। এছাড়া বাড়তি সুবিধা হলো এ জাতীয় সফটওয়্যার নেটওয়ার্ক মনিটর করে উপযুক্ত সময়ে এক মেশিন থেকে অন্য মেশিনে এপ্রিকেশন হস্তান্তর করবে।

০৩. **ভারসীতা অর্জন**- আগে জোড়ার কোন ডায়ালেকের কাছ থেকে পূর্ণাঙ্গ কিনলে সে ডেভের নির্ভর হয়ে পরতেন। পরবর্তীতে সে কোম্পানি থেকেই তাদের পূর্ণা ও সেবা ক্রয় করতে হতো, এর কোন সিকর ছিল না। ভার্চুয়লাইজেশন তাদেরকে এ অবস্থা থেকে মুক্ত করবে। তারা এখন যেকোন হার্ডওয়্যার এবং সফটওয়্যার ব্যবহার করতে পারবেন।

টেলিযোগাযোগ

অবিদ্বাঙ্গ্য সাক্ষর্য: ভনেজ

ভনেজ ওজার আইপি অর্থাৎ VoIP-এ শব্দটি তুলনু আলোচনার বিষয় হয়ে ওঠেছে এখন। এটি আর কিছু নয়। ইন্টারনেটের মাধ্যমে টেলিযোগাযোগ তথা টেলিফোন কম লেনদেনের দাঁড়ই হলো VoIP, যা মূলত প্যাকেট নির্ভর। টেলিযোগাযোগের ক্ষেত্রে বর্তমানে দুটি প্রযুক্তি চালাচ্ছে। একটি হলো সার্কিট সুইচিং। অন্যটি হলো প্যাকেট সুইচিং। আধিকার থেকে যে প্রযুক্তি চালা হয়ে আছে তার নাম সার্কিট সুইচিং। বর্তমানে চালু হয়েছে প্যাকেট সুইচিং, যা মূলত VoIP নিয়ে উদ্ভাবন ব্যবসায় অগ্রহেয়ে বিশ্বব্যাপী। এহেতুকে সবচেয়ে বেশি সফলতা পেয়েছে ভনেজ (Vonage) কোম্পানি। চার বছর আগে গড়ে ওঠা যুক্তরাষ্ট্রভিত্তিক এ কোম্পানি ইতোমধ্যে ৭ লাখ গ্রাহক সমগ্রত করেছে। ৭ লাখ সত্তরে পনেরো হাজার গ্রাহক যোগ হচ্ছে। এ বৎসর ভনেজের গ্রাহক বেড়েছে ৬০% এবং সাময়িক নেটফেনে বাজারের ৩৭.৫% তার দখল করতে পেরেছে। এ বছরের শেষ নাগাদ VoIP বা নেট ফোন-ভিত্তিক গ্রাহকের সংখ্যা ৩০ লাখ এবং ২০০৮ সাল নাগাদ ১ কোটি ৯০ লাখে দাঁড়াবে বলে বাজার গবেষণামূলক প্রতিষ্ঠানগুলোর ধারণা। ব্রডব্যান্ডভিত্তিক নেটফেনে কোম্পানি হিসেবে ভনেজ শীর্ষস্থানে ধরে রাখার জন্য ২০ কোটি ডলার বিনিয়োগ বাড়িয়ে

দিয়েছে। ভনেজের প্রতিদ্বন্দ্বীরা অবশ্য সন্দেহ করেনি। যেমন, টাইম ওয়ার্নার, কেবলভিশন, কমকাস্ট, জেরিভান, এসবিসি ও বিটি তাদের যথাস্থানে নিয়ে বাজারে হাজির হয়েছে। তারা ভনেজের মতো শুধু ভনেজ বা ফোন নয়, বরং সেল ফোন থেকে ডিজিটাল সার্ভিস পর্যন্ত বিভিন্নমুখী সেবাও বাজারে ক্রম করে দিচ্ছে। এর মধ্যে ভনেজ/ফোনও রয়েছে।

০৪ বছর বয়স্ক জেরিট স্ট্রাইনের প্রতিষ্ঠিত ভনেজ বর্তমানে ওয়ার্লডবসে W-এর দিকে নজর দিয়েছে। তারা একে হট স্পট মনে করছে। ভনেজ গ্রাহকরা শুধু একটি নির্দিষ্ট স্থানে নয়, বরং ভ্রাম্যমাণ তথা যেমিহায়ের সময়ও যাতে নেটফোন ব্যবহার করতে পারে এ লক্ষ্যে তারা বিদ্যুৎ পরিষ্করণ দিয়েছে। তবে এতে মোবাইল ব্যবসায়ীরা প্রবল বাধা আলাপ করার চেষ্টা করছে। আগামী ১২ মাসের মধ্যে ভনেজ এশিয়া এবং ইউরোপে তার সেবা বিদ্যুত করবে বলে জানিয়েছে।

ভনেজ যেভাবে সেবা দেয়

ভনেজ সেবা নিতে হলে গ্রাহককে ব্রডব্যান্ড সংযোগ দিতে হয়। বর্তমানে ব্রডব্যান্ড সংযোগ খরচ কমতে শুরু করেছে। ভনেজের সঙ্গে চুক্তিবদ্ধ হলে এরা একটি ব্রডব্যান্ড রাউটার দেয় যা কনফিগার করা সহজ। ফোন জ্যাকটি রাউটারের সঙ্গে যোগ করে দিলে এবং লাইন স্থিত হলে বিশ্বের যেকোন প্রান্তে রিং করে কান্নিত ব্যক্তির সঙ্গে কথা বলা যায়। সফলচার্য অভ্যন্তর কম, কিছু মান খুবই চমককার। অন-লাইন ভয়েস মেইলের ব্যবস্থায় রেপেজে ভনেজ।

ইয়াহু, গুগল ও ইয়েলো পেজ-এ

ব্যবসায় তেজীভায়ে

ইয়াহু, গুগল এবং আমেরিকার ইয়েলো পেজ লোকাল মার্কেটের বিজ্ঞাপন উপস্থাপন করছে। ইয়েলো পেজ ডিরেক্টরিভে বিজ্ঞাপন দেয়ার মধ্যে আমেরিকার ফোন কোম্পানিগুলো বাজারে আধিপত্য বিস্তার করে আছে এবং এ বাজারের আকার ১৫শ' কোটি ডলার। কোম্পানিগুলো নিজেদের উপস্থিতি তুলে ধরার জন্য রীতিমত প্রতিযোগিতার লিগে হেয়েছে। এসবিসি কমিউনিকেশন ও লেন সাউথ কর্পা. তাদের অনলাইন পারলিশিং ইউনিট একীভূত করে এবং হাজারহাজারের কাছ থেকে নাড়েনা বেজড yellowpages.com হাইট কিনে নিয়েছে। তারা বর্তমানে এ মেগাসাইটেকে লাঞ্চ করার জন্য নেট প্রোগ্রাম খোঁজ করছে।

ইয়েলো পেজের খুবই লাভজনক ব্যবসায় এর লাভের মার্জিন ৫০ শতাংশের বেশি। গত বছর এসবিসি এর পারলিশিং ইউনিটের অপারেটিং মুনাফা ছিল ২৭' কোটি ডলার যার রেজিনিউ ছিল ৩৬০ কোটি মার্কিন ডলার। গবেষণা প্রতিষ্ঠান ফরেনি গ্রুপ ভবিষ্যদ্বাঙ্গী করেছে যে, ২০০৮ সালের মধ্যে ইয়েলো পেজের ৩২০ কোটি ডলার বিনিয়োগ হবে অপারেটিং ব্যয়। গত বছর পুরো ইউস্টারেটে বিজ্ঞাপন ব্যবসায় বাজার ছিল ৯৬০ কোটি ডলার। এ ধরনের প্রতিযোগিতার ফলে স্পষ্টত বোঝা যাচ্ছে যে খুবনা ইয়েলো পেজের

বিশ্বে শীর্ষ শত কোম্পানির কয়েকটি পণ্য

বদলে যাচ্ছে কাজের ধারা সেরা ১০০ কোম্পানি ডেলোয়িট করছে বিভিন্ন আইটি কোম্পানি, যা ব্যবহার করে যে কোন জায়গা থেকে কাজ করা যাবে। নিচে এঁদের কোম্পানির পণ্যের বিবরণ দেয়া হলো।



মার্কস্কেবের আমেরিকা মেসিঙ্গ কোম্পানি ফ্যান্টিম আমেরিকার শীর্ষ সারির ওয়ারেনস টেলিফোন প্রোভাইডার। এ কোম্পানিটি প্রিন্টেড কোন কার্ড-এর পাইওনিয়ার। এ প্রতিষ্ঠানটি বর্তমানে ব্যবসায়ীদের জন্য সার্ভিস অফার করছে। এ সার্ভিসগুলোর মধ্যে অন্যতম একটি হলো স্ল্যাকবেরির ওয়ারেনস ই-মেইল।

ভ্যানিয়েল হাঙ্ক, আমেরিকা মেসিঙ্গ



হ্যাডহেড ডিভাইসের ক্ষেত্রে স্যামসাং আধিপত্য বিস্তার করে আছে। এ প্রতিষ্ঠানটি তাদের পণ্যে ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড টিপ ব্যবহার করছে। স্যামসাং-এর হ্যাডহেড ডিভাইসের বিক্রি আগামীতে আরো অনেক বাড়বে। স্যামসাংয়ের বিভিন্ন সাইজ ও স্টাইলের ডিভাইসের জন্য মাইক্রোসফট অফার করছে কর্পোরেট ডিভাইস।

ইয়ুন জং ইয়ং, স্যামসাং



স্মার্ট ফোনের উদীয়মান শক্তি হচ্ছে তাইওয়ানের হাইটেক কমপিউটার কর্পো। এ প্রতিষ্ঠান ব্যবহার করে মাইক্রোসফট অপারেটিং সিস্টেম এবং টেলিফোন ইন্ট্রুমেট টিপ। এ টিপ ব্যবহার করা হয় কন্ট্রোলারদের উপযোগী ডিভাইস ডেভেলপ করার জন্য যেকোন, টি-মোবাইল (T-Mobile) এবং অরেঞ্জ (Orange)।

পিটার চৌ, হাইটেক কমপিউটার



সিগামান অপারেটিং সিস্টেমের সবচেয়ে বড় সমর্থক নোকিয়া আমেরিকা বাজার দলের প্রতিশ্রুতিপাল। নতুন ধরনের হ্যাডহেড ডিভাইস উৎসাহিত করে বাজারে তাক লাগাতে চাইছে নোকিয়া। ই-মেইল এবং কর্পোরেট এপ্লিকেশন রান করানোর জন্য নোকিয়া সম্প্রতি ওরাকল ও SAP-এর সাথে প্যার্টনারশীপ চুক্তিতে আবদ্ধ হয়েছে।

জর্জা ওল্ট্রা, নোকিয়া



সফটওয়্যার জায়গাট মাইক্রোসফট তার সর্বশেষ মোবাইল সফটওয়্যার দিয়ে নবর মনোযোগ আকর্ষণ করতে সক্ষম হয়েছে। এ সফটওয়্যারটি উইন্ডোজ এন্টারপ্রাইজ সার্ভার উপযোগী এটি ড্রী অফার করছে। এটি QWERT কী-বোর্ডকে সাপোর্ট করে। ডেল এবং অন্যান্যর যাতে বিজনেসের জন্য চমৎকার ডিভাইস তৈরি করতে পারে, তার জন্য মাইক্রোসফটের হার খোলা রাখা হয়েছে।

শিভ বালমার, মাইক্রোসফট



স্ল্যাকবেরি হ্যাডহেড ডিভাইসটি বিমান বন্দরে নিরাপত্তা কর্মীরা ব্যাপকভাবে ব্যবহার করছে। এর নিকমেন ক্র্যাকবেরি, ক্রমবর্ধমান প্রতিযোগিতার টিকে থাকবে কিনা তা নিয়ে অনেকের মনে সশয় রয়েছে। আর একারণে বাসিসিবিএলি এবং কো-সিইও মোবাইল ফোন মেসারদের কাছ থেকে লাইসেন্স করে নিচ্ছে।

জেমস বাসিসিবিএলি, রিচার্স ইন মোশন

ব্যবসার মধ্য অবস্থার দিকে যাবে। এক্ষেত্রেই কোন কোম্পানিগুলো চাচ্ছে না, নেট কোম্পানিগুলো নতুন নতুন উদ্ভাবনীমূলক চিন্তাধারা নিয়ে এগিয়ে আসুক। এসবিনি ও বেল সাউথ ব্যবসায়ের বোণাবোঝাভাবে অবর্তীপ হয়েছে। যা এক অবস্থায় মিডলেস অর্ডিনে বজায় রাখার জন্য ইয়েলো পেজেস প্রবন্ধকরোও আটঘাট বেধে নেমেছে। তেজিভেন কমিউনিটিকে ইন্ট রান করছে সবচেয়ে জনপ্রিয় ব্লেসপিউটি SuperPages.com যা ডেভেলপ করে এক টেকনোলজি যার মাধ্যমে তথ্যে সার্ভারের মুণ্ডপভাবে লোকাল টোর ও নেট রিটেইলার্স সার্চ করতে পারে।

এ প্রতিযোগিতা সাদামাটা ধরনের নয়, একজন হারবে আর অপর জন বিজয়ী হবে। এ প্রতিযোগিতায় ইয়াহু গুগলকে পরাজিত করতে পারে যদি yahoopage.com পুরোপুরি সমৃদ্ধশালী হতে পারে। যদি উদ্ভাবনী কমতাস্পন্দ তৃতীয় কোন পক্ষের আগমন ঘটে সেক্ষেত্রে এ প্রতিদ্বন্দ্বিতা আরো ব্যাপকতা লাভ করবে।

ইয়াহু সম্প্রতি মাইডসেট নামে এক টেকনোলজি নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করছে। এতে ব্যবহার করা হয়েছে এক ব্রাইডিং ফোন, যা ইয়াহুকে বলে দেবে কোন পণ্য নিয়ে পরবেশা করতে হবে আর কোন পণ্য বিক্রি করতে হবে। উদাহরণস্বরূপ বলা যায়, আপনি একটি পাড়ি কিনতে চাচ্ছেন, এক্ষেত্রে বিক্রেতা স্বয়ংক্রিয়ভাবে

ইন ফরমেশন - **প্রবন্ধ প্রতিবেদন**
লিঙ্ক পাবে, যেখান থেকে আপনি পছন্দ অনুযায়ী পাড়ি সিলেক্ট করে তিলারে সাথে নামের ব্যাপারে আলোচনা করতে পারবেন।

পঞ্চমতর মেন কোম্পানিগুলোর রয়েছে লোকাল ব্যবসায়ীদের সাথে ব্যবসায়িক সম্পর্ক, এখানে বেততা নয় কথাকথি করতে পারবেন, যা নেট বিজ্ঞাপনে সম্ভব নয়।

শেষ কথা

আমাদের জীবন ধারাকে বদলে দেয়ার জন্য যে প্রযুক্তিগুলো আসেনোকোম্বল এঁটা নিয়ে আমাদের দুয়ারে কড়া নাড়ছে, তার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হলো- পণ-সংযোগ, জর্ডুয়ামাইডেশন, ব্রডব্যান্ড ফোন, মোবাইল কমপিউটিং ইত্যাদি। মানুষের জীবনযাত্রাকে সহজ করার পাশাপাশি এ প্রযুক্তিগুলো অর্থনৈতিক ক্ষেত্রে বিশুব প্রভাব ফেলবে বলে আমরা আশাবাদী। স্বাধাযাঙ্ক এ প্রযুক্তিগুলো বেশিরভাগ ইন্টারনেট নির্ভর। দুইয়ের বিচার, আমরা ইন্টারনেটকে এখনো সামগ্রিক প্রেক্ষাপটে সার্বিকভাবে মেনে নিতে পারিনি। আমাদের শহুরে জীবনে এর সামান্য কিছু প্রভাব থাকলেও বাংলাদেশের গ্রাম-পল্লী এর অনুপস্থিতি গীড়ানায়ক। ফলে, আগামী দিনের এসব প্রযুক্তির সফল থেকে আমাদের বিপাক জনগোষ্ঠির সিংহভাগই বঞ্চিত রয়ে যাবে এ হতাশা আজ আমাদের মনে দোলা দিচ্ছে। আর কাঁহাতক এ হতাশা আমাদের হয়ে বেড়াতে হবে সৌচই আল প্রসবোধক হয়ে দাঁড়িয়েছে জাতির সামনে।

তথ্যসূত্র: বিশেষি পত্র-পত্রিকা

একমুখী শিক্ষাক্রম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মেহনাত জাকার

তেতাল্লিশ বছর পূর্বাঙ্গদেশে আবার চাণু হচ্ছে একমুখী শিক্ষা ব্যবস্থা। বলা হচ্ছে, প্রতিবেশী ও উন্নত দেশগুলোর সাথে তাল মিলিয়ে চলার জন্য শিক্ষা ব্যবস্থা এই পরিবর্তন আনা হচ্ছে। প্রচলিত শিক্ষা ব্যবস্থার ১১টি দুর্বলতা চিহ্নিত করে ১৫টি পরিবর্তন আনার কথা বলা হয়েছে নতুন শিক্ষা ব্যবস্থায়।

পুরানো শিক্ষা ব্যবস্থার দুর্বলতা কমাতে নতুন পরিবর্তনগুলো বাস্তব অর্থেই কাজেটা সাফল্যের সাথে করা যাবে, তা নিয়ে অনেক প্রশ্ন উঠেছে। অনেকেরই মনে করেন, নতুন শিক্ষা ব্যবস্থায় বিজ্ঞান শিক্ষাকে দুর্বল করা হচ্ছে। একমুখী শিক্ষা ব্যবস্থা চাণু করে আরো অর্ধশতক পিছিয়ে পড়ছি কি আমরা- এই প্রশ্নও অনেকের। একই সাথে অন্যান্যের অপ্রচলিত প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ ও অস্বাভাবিকীয় বিষয়াদি পাঠ্য করে আইসিটি শিক্ষাকে একটি মূল্যহীন বিষয়ে পরিণত করা হচ্ছে কি- এই প্রশ্নও পর্যবেক্ষকদের।

২০০৬ সালের শিক্ষাবর্ষ থেকে বাংলাদেশে ফুল পর্বতে একমুখী শিক্ষা ব্যবস্থা চাণু হচ্ছে। ২০০৮ সালে যারা এসএসসি পরীক্ষা দেবে তাদের জন্য প্রয়োজ্য হবে এ পরিবর্তন। ১৯৬০ সালে একমুখী শিক্ষা ব্যবস্থা বাদ দেয়া হয়েছিলো। শিক্ষা ব্যবস্থার এই হঠাৎ পরিবর্তনের বিষয়টি বিশেষজ্ঞ মহলে দারুণভাবে আলোড়ন তুলেছে এবং এর ভাসোমন্ড বিতর্ষণ করা হচ্ছে। এটা নিশ্চিত যে এই আলোড়নের ফলে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন থেকে থাকবে না, তবুও আমাদের শিক্ষা নির্মাণ হবার আগে একটু তলিয়ে দেখা দরকার, প্রকৃতভাবে আমরা কোন অবস্থানে থেকেই পারছি।

আমাদের শিক্ষা ব্যবস্থা বেগাজেই হোক চলছিলো। এই ব্যবস্থার দুর্বলতা আছে তও সত্য। কিন্তু বহুমুখী শিক্ষা ব্যবস্থাকে একমুখী করাটাই কি আমাদের শিক্ষা ব্যবস্থার একমাত্র সুবিধা পথ কি-না, তা সন্দেহ নিশ্চিত নয়। বরং শিক্ষা ব্যবস্থার অঙ্গরূপ দুর্বলতা দূর করার জন্য অসীতে বাবে করণেরও চেষ্টা করা হয়েছে। ১৯৬৬ সালে তখন একটি প্রচেষ্টা চলে।

জানা গেছে, ক্ষমতাসীন গোটা সরকার ২০০২ সালের জুন-অক্টোবর সময়কালে জাতীয় পাকক্রম ও পাঠ্যপুস্তক বিশেষজ্ঞদের মাধ্যমে একটি জরিপ করেন। সেই জরিপে ১৯৬৬ সালে প্রবর্তিত শিক্ষাক্রমের দুর্বলতাসমূহ চিহ্নিত করা হয়। তাদের মতে প্রচলিত শিক্ষা ব্যবস্থার দুর্বল দিকগুলো হলো:

ক. ১৯৬৬ সালের শিক্ষাক্রম ছিল অতি বেশি মাত্রায় তথ্য সমৃদ্ধিত। খ. শিখন পদ্ধতি ছিল পাঠ্যপুস্তকভিত্তিক, বাস্তব প্রয়োগ বিবর্তিত এবং মূলত শিক্ষার্থীদের মুখস্থ করতে উৎসাহিত করার লক্ষ্যে নিম্নতঃ। গ. শিক্ষাক্রম শিক্ষার্থীদের কামের উপযোগী হয়ে গড়ে ওঠা অথবা তাদের প্রয়োজনীয় জীবনমুখী দক্ষতা অর্জনের ক্ষেত্রে ফলাফল সন্তোষজনক হিসেবে রচিত হয়নি। ঘ. শিক্ষার্থী অগ্রহুতঃ গাণিতিক এবং ভাষাগত দক্ষতাসহ বিদ্যালয় ছাড়ে। ঙ. শিক্ষার্থীদের মুক্তচিন্তা এবং স্বাধীনভাবে

কাজ করতে সহায়ক আরও বেশি শিক্ষণীয়কেন্দ্রিক শিক্ষাক্রম প্রয়োজন। ঙ. বৈশিষ্ট্য এবং প্রস্তুতির ওপর বেশি তরফু দেয়াসহ শিক্ষাক্রম আধুনিক এবং তুল্যামুখ্যেই হওয়া প্রয়োজন। চ. গ্রন্থিক বিষয়গুলোকে তরফুর সাথে দেয়া হয়নি, কারণ শিক্ষার্থীদের গ্রেড অর্জনের ক্ষেত্রে এগুলোর তুলিকা নেই। ছ. বৈশিষ্ট্য শিক্ষার্থীর মাঝে উচ্চতর প্রত্যাক জ্ঞান-সমর্থী এবং চিন্তন দক্ষতার পর্যাপ্ত বিকাশ ঘটেনি। জ. শিক্ষার্থীর মনোভাব এবং মূল্যবোধ বিকাশের বিষয়ে চলতি শিক্ষাক্রমে সামান্য তরফু দেয়া হয়। ঝ. বৈশিষ্ট্য শিক্ষক জ্ঞানান, তাদের কাছে শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক অথবা শিক্ষক নির্দেশিকা পৌঁছেনি। ঞ. পাঠ্যপুস্তকগুলো সেকেন্দে, কৌতুহল বিবর্তিত, বাখ্যা বা উদাহরণসহ এবং নিচু মানের হলে বিবেচিত হয়। ট. শিক্ষাক্রম প্রচার কর্মসূচী অথবা প্রশিক্ষণের সাথে অতি জল্প সংখ্যক শিক্ষক জড়িত ছিলেন।

এরা সেই জরিপের মাধ্যমে প্রাপ্ত পূর্বকী পরিমার্জিত শিক্ষাক্রম অর্থাৎ ১৯৯৬ সালের শিক্ষাক্রমের উপরোক্ত ১১টি দুর্বল দিক সনাক্ত করেন। কিন্তু আমরা যদি তাদের এই জরিপকে বিশ্লেণ করি, তাহলে দেখা যাবে জরিপে একথা বলা হয়নি, বহুমুখী শিক্ষা ব্যবস্থার ফলেই এই দুর্বলতাসমূহ রয়েছে। এসব দুর্বলতা কাটানোর একমাত্র উপায় যে একমুখী শিক্ষা ব্যবস্থা প্রচলন জাও বোঝা যাচ্ছে না। বরং বোঝা যাচ্ছে, আসলে একমুখী বা বহুমুখী নয় শিক্ষার মূল দুর্বলতা পাকক্রম, পাঠ্য বই এবং শিক্ষকের অযোগ্যতা। শিক্ষা ব্যবস্থার এসব দুর্বলতা কাটানোর জন্য কোনভাবেই একমুখী শিক্ষা ব্যবস্থার প্রচলনই একমাত্র মুক্তিক উপায় হতে পারে না।

জরিপকারী বিশেষজ্ঞরা আমাদের আশেপাশের দেশ ভারত, পাকিস্তান, সিঙ্গাপুর, মালয়েশিয়া, শ্রীলঙ্কা, ইন্দোনেশিয়া এবং জাপান জড়াত ব্রুস, জার্মানি, ইংল্যান্ড, নেদারল্যান্ডস, দক্ষিণ কোরিয়া, মুক্তরাষ্ট্র এবং অস্ট্রেলিয়ার মাধ্যমিক শিক্ষাক্রম জরিপ করেন। তারা মুক্তে পান, এ অঞ্চলের ৮টি দেশের ৫টি এবং উন্নত দেশগুলোর ৫টির মধ্যে ৬টিতেই একমুখী শিক্ষা ব্যবস্থা চাণু রয়েছে।

এনিটিটির এ বক্তব্য পাঠ করার পর আমাদের বিভ্রান্ত হবার সুযোগ থেকে যাচ্ছে। কারণ, বাংলাদেশে যারা জ্ঞানিয় ক্যামব্রিজ, সিনিয়র ক্যামব্রিজ, ও লেভেল এ ও লেভেল পরীক্ষা দেয়-অর্থাৎ ইংল্যান্ড বা ইউএস এর সিলেবাস যারা অনুসরণ করে তারা নবম-দশম-একাদশ শ্রেণীর থেকেই পদার্থবিদ্যা, রসায়ন, জীববিদ্যা, গণিত ইত্যাদি বাধ্যতামূলক পাঠ করে। আমাদের দেশের বিচারে তাই অপোষণীয় বা উন্নত-অনুন্নত নয় শিক্ষা ব্যবস্থার তুলনায় হওয়া উচিত ক্যামব্রিজ, এ বা ও লেভেলের সাথে। কিন্তু এনিটিটির বিশেষজ্ঞরা আধিকার করেন যে 'কোমন্সলি পলিডের' ১৩ বছর বয়সে বিশেষায়িত শিক্ষাদান উচিত নয়। এনিটিটির দেয়া তথ্য অনুযায়ী ২০০৩ সালে সরকার এবং এডিবি একত্রিত থেকেই একমুখী শিক্ষাক্রম চাণু করেছে। এ ব্যবস্থার শিক্ষার্থীর কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগের পরিবর্তে এখন এক বিশেষায়িত

শিক্ষার্থী এবং তারা সবাই কৃষি বিজ্ঞান, পার্বহু অর্থনীতি, সমাজ বিজ্ঞান ও সাধারণ বিজ্ঞান ইত্যাদি পড়বে। এ শিক্ষা ব্যবস্থায় পরীক্ষা পদ্ধতিতেও পরিবর্তন আনা হয়েছে। এ ব্যবস্থায় শিক্ষার্থীরা ১০০ নম্বরের মধ্যে ৩০ নম্বর পাবে ফুল থেকে। অবশিষ্ট ৭০ নম্বরের পাবলিক পরীক্ষা হবে।

সরকারে দুর্বতার সাথে নতুন শিক্ষাক্রম অনুযায়ী ১১টি বিষয়ের বই জমা নিয়েছে এবং নিশ্চিত যে ২০০৬-এর আগেই তারা বাজারে পঠ্যপুস্তক ছাড়তে পারবে।

বিশিষ্ট শিক্ষাবিদ ড: জায়র ইকবাল এই একমুখী শিক্ষা ব্যবস্থার তীব্র সমালোচনা করেছেন। তার মতে, এ পদ্ধতিতে আমাদের শিক্ষা ব্যবস্থায় গুণ নাযবে এবং শিক্ষার বাবুহর এই কিছুই থাকবে না। তিনি এ তুলনামূলক ভাবে ব্যাসারী অনাবৃত্তপ্রস্তুত বলে আখ্যায়িত করেছেন। এ বিষয়ে কোন সন্দেহ নেই, শিক্ষা ব্যবস্থার এ মৌলিক পরিবর্তন সামগ্রিকভাবেই একটা আধুনিক দেবে। এমনকি যারা এনিটিটির বিশেষজ্ঞ, তারাও অনাবৃত্তসিয়ারি শঙ্করহ।

প্রকৃতভাবে এ পরিবর্তিত শিক্ষা কাঠামোর ফলে বাংলাদেশের সর্বাধিক অবহেলিত বিজ্ঞান শিক্ষা দারুণভাবে ক্ষতিগ্রস্ত হবে। সরকারে সবচেয়ে বড় দারিত্ব ছাড়া সাধারণ শিক্ষার সাথে মাত্রাসা শিক্ষার পার্থক্য দূর করে বিজ্ঞানভিত্তিক এক ধরণের সর্বকোনি শিক্ষা ব্যবস্থা চাণু করা। কিন্তু তার পরিবর্তে সরকারে একমুখী শিক্ষা কেসা চাণু করেছে তার কারণ মুক্তে পাওয়া কঠিন।

পাঠ্য তথ্য অনুযায়ী ২০০৬ সালে নবম-দশম শ্রেণীর একমুখী শিক্ষা ব্যবস্থা চাণু হবার কথা। ২০০৮ সালের মধ্যেই কলেজে এ মধ্যমস্ত তর হবার কথা। কিন্তু এনিটিটির প্রকৃতি না থাকায়, এরা ২০১০-এর আগে এ পর্যায় নতুন ব্যবস্থা চাণু করতে পারবে না। ফলে ২০০৮ ও ২০০৯ সালে দেলব শিক্ষার্থী উচ্চ মাধ্যমিক পড়বে তাদের জীবন হবে ক্রিশ্রুত। এরা কুলে ২৫ নম্বরের পদার্থবিদ্যা পাঠ করে কলেজে পা নিয়েই ২০০ নম্বর পড়তে শুরু করবে।

আবার যখন উচ্চ মাধ্যমিক থেকে ৫০ নম্বরের পদার্থবিদ্যা পড়বে তখন আর্সলে গিয়ে পড়তে হবে ১১০০ নম্বর। বিশেষতঃ বিজ্ঞান বিষয়ের শিক্ষার্থীরা এতে বেশি চাপের মুখোমুখি হবে।

পরীক্ষা পদ্ধতিতে পরিবর্তন এনে ফুলে ৩০ নম্বর বসান দেয়ায় কাঁচত প্রাইভেট টিউনির মরমরা বাণিজ্য হলে। বার শিক্ষককে টাকা দিয়ে সস্ত্রই করতে পারবে, তাইই পাবে এ ৩০ নম্বর। সুতরাং নতুন ব্যবস্থায় একটি নতুন বাণিজ্য শুরু হচ্ছে।

কমপিউটার শিক্ষা

নতুন করে সরকারে যে একমুখী শিক্ষা ব্যবস্থা চাণু করেছে, তাতে কমপিউটার শিক্ষাকে নতুনভাবে জন্ম দিয়েছে। তাদের মতে, এ বিষয়টি অধ্যয়নের জন্য যেকোন পরিবর্তন আনা হচ্ছে সেগুলো হলো:

০১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়টি বিষয়াদিকের দিক থেকে কমপিউটার শিক্ষার চেয়ে ব্যাপক এবং এর আন্তর্জাতিক প্রয়োগ প্রকৃতি বিবেচনা করে নবম ও দশম শ্রেণীর বিষয়

হিসেবে কর্মপট্টার শিক্ষার পরিবর্তে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) নাম দেয়া হয়েছে।

০২. আইসিটি বিষয়টি প্রথম বারের মতো বাংলাদেশে নবম ও দশম শ্রেণীর জন্য নৈর্বচনিক বিষয় হিসেবে কৃষি শিক্ষা ও গার্মেন্টস অর্নীভিত্তি সাথে মূল শিক্ষাক্রমে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ বিষয়টি সব শিক্ষার্থী পড়তে পারবে।

০৩. আকাল কর্মসংস্থানের জন্য আইসিটির অভিজ্ঞতা অপ্রিহার্য। সুতরাং পরিমার্জিত শিক্ষাক্রমে আইসিটি সংশ্লিষ্ট কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ-সুবিধার সাথে বাংলাদেশী শিক্ষার্থীদের পরিচিত করতে অগ্রহী। এজন্য একমুখী শিক্ষাক্রমে আইসিটির কর্মনির্ভর দক্ষতা বিকাশকে গুরুত্ব দেয়া হয়।

